ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



তবে কি এরই মধ্যে বিয়ে সেরে ফেলেছেন সোনাক্ষী-জাহির?

পৃঃ ৫




পেলেকে ছাড়িয়ে গেলেন রোনালদো

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১৬৫ ● কলকাতা ● ০৩ আষাঢ়, ১৪৩১ ● মঙ্গলবার ● ১৮ জুন, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## বিজেপি সভাপতির পরিবর্তে ওই পদে আসতে পারেন প্রবীণ নেতা রাজনাথ সিং



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিজেপি'র একক সংখ্যাগরিষ্ঠতা না পাওয়ায় ন্যাশনাল ডেমোর্ক্যাটিক ফ্রন্ট বা এনডিএ-র গুরুত্ব রাতারাতি বেড়ে গিয়েছে। অন্যতম শরিক তুলুগু দেশম পার্টির নেতা চন্দ্রবাবু নাইডু ফের এনডিএ-র আহ্বায়ক পদ দাবি করেছেন।লক্ষণীয় হল, ২০১৮ সালের পর এনডিএ-র কার্যত কোনও অস্তিত্ব ছিল না। ওই বছর পর্যন্ত এনডিএ'র আহ্বায়ক ছিলেন চন্দ্রবাবু নাইডু। তিনি লে বছর জোট ছাড়ার পর পদটি খালিই পরে ছিল। গত বছর জোটের ২৫ বছর পূর্তি পালনের সময় বিজেপি সভাপতি নাড্ডাকে আহ্বায়ক করা হয়। এখন আবার চন্দ্রবাবুকে ওই পদ ফিরিয়ে দিতে বিজেপির আপত্তি কেন?

আসলে বিজেপি নেতারা বুঝতে পারছেন, চন্দ্রবাবু

এরপর ৩ পাতায়

## কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসে ভয়াবহ দুর্ঘটনার কারণ কি !



**বেবি চক্রবর্তী: নিউজ সারাদিন :** শিয়ালদহ গামী কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসে ভয়াবহ দুর্ঘটনায়, কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের পিছনে ধাক্কা মারে মালগাড়ি। তাতে কাঞ্জনজঙ্ঘা এক্সপ্রেসের একটি বগি উঠে যায় ইঞ্জিনের ওপর। আরও দুটো বগি দুমড়ে মুচড়ে যায়।মৃত্যু হয়েছে মাল গাড়ির লোকো পাইলট ও কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের গার্ড এর। একাধিক হেল্প লাইন চালু করেছে রেল।ঘটনাস্থলে ইতিমধ্যেই পৌঁছেছেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব, পৌঁছেছেন পশ্চিমবঙ্গের রাজ্যপাল। দূর্ঘটনায় শোক প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী, মুখ্যমন্ত্রী সহ অনেকেই। প্রাথমিকভাবে রেলের তরফ থেকে জানানো হয়েছে, সিগন্যালিংয়ের বিভ্রাটের জন্যই দুর্ঘটনা ঘটেছে।

কিন্তু এই দূর্ঘটনায় প্রশ্ন উঠছে একাধিক।

১. মালগাড়ি সিগন্যাল ভেঙে এগোল কী ভাবে?

২. যান্ত্রিক ত্রুটি না শুধুই চালকের দোষ?

৩. মালগাড়ির চালক কি ঘুমিয়ে পড়েছিলেন?

৪. রেলের চালকরা পর্যাপ্ত বিশ্রাম পান না বলে অভিযোগ রয়েছে আগে থেকেই, এই দূর্ঘটনা কি তারই ফলশ্রুতি?

৫. সব ট্রেনে কি আদৌ কবচ সিস্টেম চালু হয়েছে?

৬. দুর্ঘটনাস্থলে ক্রসিং পয়েন্টে যান্ত্রিক ত্রুটি ছিল কি?

৭. যে ট্রেন আগরতলা-শিয়ালদহের মধ্যে চলাচল করে, তাতে অনেক পুরনো আমলের কোচ কেন? কেন এখনও আধুনিক LHB কোচ

এরপর ৩ পাতায়

## দুর্ঘটনায় কবলে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস




**বেবি চক্রবর্তী: নিউজ সারাদিন :** দুর্ঘটনায় কবলে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস।ঘটনাটি ঘটেছে নিউ জলপাইগুড়ির নীচবাড়ি এবং রাঙাপানি রেল স্টেশনের কাছেই। লাইন চ্যুত হয়ে ঠিকরে বেরিয়ে যায় দুটি যাত্রী বোঝাই কামরা। শিয়ালদহ মুখী কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস মাল গাড়ির সাথে ধাক্কা লাগে। সকাল পৌনে ৯ টা নাগাদ। সূত্রের খবর এখনো পর্যন্ত জানা গেছে মৃতের সংখ্যা ২০ জন। আহত হয়েছেন অন্ততপক্ষে ৬০ থেকে ৭০ জন। দুমড়েমুচড়ে গিয়েছে ট্রেনের লাইনচ্যুত কামরা এখনও উদ্ধার কাজ চলছে।

এ দিন সকালের এই রেল দুর্ঘটনা দেখে অনেকেরই গত বছরের করমণ্ডল এক্সপ্রেসের দুর্ঘটনার কথা মনে করিয়ে দেয় । ২০২৩ সালের ২ জুন ওড়িশার বালেশ্বরে সেই মারাত্মক ট্রেন দুর্ঘটনাটি ছিল। সেদিন ভয়াবহ দুর্ঘটনার কবলে পড়েছিল হাওড়া থেকে চেন্নাইগামী করমণ্ডল এক্সপ্রেস। সেক্ষেত্রে দাঁড়িয়ে থাকা একটি মালগাড়ির পিছনে ধাক্কা মেরেছিল যাত্রীবাহী ট্রেনটি। কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের ক্ষেত্রে হল উল্টোটা। এবার দাঁড়িয়ে থাকা ট্রেনের পিছনে ধাক্কা মারল মালগাড়ি এখন প্রশ্ন উঠেছে, মালগাড়ি কিংবা শিয়ালদামুখী কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের তীব্রতা কি অত্যন্ত বেশি ছিল? সেই কারণেই এতটা ক্ষয়ক্ষতি? এদিকে উত্তরবঙ্গে দুর্যোগপূর্ণ আবহাওয়া রয়েছে। একাটানা ভারী বৃষ্টির জেরে উদ্ধারকাজেও দেরি হচ্ছে বলে জানা গিয়েছে। যাত্রীরা আটকে পড়তে পারেন, প্রাথমিকভাবে এমনটাই আশঙ্কা করছেন অনেকেই। ইতিমধ্যেই বিপর্যয় মোকাবিলা দল পৌঁছে গেছেন সেখানে। সাধারণত এই ট্রেনে পিছনের দিকে জেনারেল কামরা এবং এসি কামরাও থাকে। কিন্তু দুর্যোগপূর্ণ আবহাওয়ার জন্য এখনও ক্ষয়ক্ষতির পরিমাণ অনুমান করা যায়নি বলেই খবর। স্থানীয় বাসিন্দারাও উদ্ধার কাজে হাত লাগিয়েছিলেন। এখন প্রশ্নের মুখে দাঁড়িয়ে যাত্রীবাহী ট্রেনের নিরাপত্তা কতখানি?

কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস এর দুর্ঘটনায় মৃত পরিবারদের আর্থিক সাহায্য ঘোষণা করেন। এদিন প্রধানমন্ত্রী ট্যুইটে পোস্ট করে "প্রাইম মিনিস্টারস ন্যাশনাল রিলিফ ফান্ড " থেকে

এরপর ৩ পাতায়

## দুমড়ে যাওয়া কামরার টিনের পাতে আটকে ছিল সরকারি কর্তার দেহ, অভিশপ্ত কাঞ্চনজঙ্ঘা বিপর্যয়ে শেষ ওসি-র



**নিউ জলপাইগুড়ি: নিউজ সারাদিন :** অভিশপ্ত শিয়ালদহ কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের যাত্রী ছিলেন মালদহের মানিকচক সার্কেলের আবদারি দফতরের ওসি সালেব সুব্বা। দুর্ঘটনায় মৃত্যু হয়েছে তাঁর। উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ হাসপাতালে রয়েছে সালেব সুব্বার রক্তাক্ত দেহ। রেল সূত্রে জানা গিয়েছে, সালেবের বাড়ি কালিম্পঙের গরুবাথানে।উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ হাসপাতালে ৯ জনের দেহ রয়েছে। দেহাংশ উদ্ধার হয়েছে। পিটিআই সূত্রে খবর, মৃতের সংখ্যা ১৫। আহত হয়েছেন একাধিক। সোমবার সকালে নিউ জলপাইগুড়ি স্টেশনের অদূরে রাঙাপানি এলাকায় শিয়ালদহগামী কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের পিছনে এসে ধাক্কা মারে মালগাড়ি। প্রাথমিকভাবে

এরপর ৩ পাতায়







# বিমান জটিলতায় তা থমকে যায়,
# শেষে বিকেলে রওনা হচ্ছেন মমতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এক্সপ্রেস দুর্ঘটনার অব্যবহিত পরেই এক্স (সাবেক টুইটার) হ্যান্ডলে পোস্ট করেছিলেন মুখ্যমন্ত্রী তথা প্রাক্তন রেলমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। উদ্ধারকার্যের জন্য স্থানীয় প্রশাসনকে প্রয়োজনীয় নির্দেশও দিয়েছিলেন। নির্দেশ দিয়েছিলেন মুখ্যসচিব, স্বাস্থ্যসচিব-সহ রাজ্য প্রশাসনের পদস্থ অফিসারদের। উল্লেখ্য, গত বছর জুন মাসে ওড়িশার বাহানগা বাজার এলাকায় করমণ্ডল এক্সপ্রেস ভয়াবহ দুর্ঘটনার কবলে পড়েছিল। সন্ধ্যে নাগাদ ঘটেছিল ওই দুর্ঘটনা। পরের দিনই অকুস্থলে পৌঁছেছিলেন মুখ্যমন্ত্রী। এই ধরনের দুর্ঘটনা বা কোনও প্রাকৃতিক বিপর্যয় হলে, সেখানে পৌঁছে যাওয়া মমতার দীর্ঘ দিনের অভ্যেস। লোকসভা ভোটের আগে ঘূর্ণিঝড় বিধ্বস্ত ধূপগুড়িতে পৌঁছেছিলেন রাত্রিবেলাতেই। তার পর টানা তিন দিন সেখানে থেকে উদ্ধারকাজ, ত্রাণের কাজ তদারকি করেছিলেন মুখ্যমন্ত্রী। এ বারও ফাঁসিদেওয়া পৌঁছতে সোমবার সকাল থেকেই প্রস্তুতি নিয়েছিলেন তিনি। কিন্তু বিমান জটিলতায় তা থমকে যায়। শেষে বিকেলে রওনা হচ্ছেন তিনি।

তার পরেই মুখ্যমন্ত্রী প্রস্তুতি নেন উত্তরবঙ্গ রওনা হওয়ার। কিন্তু বিমান সঙ্কুলানের অভাবে সোমবার বিকেলের আগে মমতা রওনা দিতে পারেননি। শেষ পর্যন্ত বিকাল সাড়ে ৪টায় বিমানে উত্তরবঙ্গ রওনা হচ্ছেন মমতা। বাগডোগরা নেমেই তিনি যাবেন উত্তরবঙ্গে মেডিক্যাল কলেজ হাসপাতালে, যেখানে রেল দুর্ঘটনায় আহতেরা ভর্তি রয়েছেন। মুখ্যমন্ত্রীর ঘনিষ্ঠ সূত্রে জানা গিয়েছে, দুর্ঘটনার কথা শোনার পরেই মমতা অকুস্থলে যাওয়ার সিদ্ধান্ত নেন। কিন্তু বিমানবন্দর সূত্রে জানা যায়, বিকেল সাড়ে ৪টের আগে বাগডোগরা যাওয়ার কোনও বাণিজ্যিক উড়ান নেই। রাজ্য সরকার যে বিশেষ বিমানটি নিয়ে রেখেছে, সেটিও অনিবার্য কারণে সোমবার পাওয়া যায়নি। দিল্লি বা অন্য রাজ্য থেকে বিমান এনে উত্তরবঙ্গ রওনা হতে গেলেও বিকেল গড়িয়ে যাবে। ফলে প্রাথমিক ভাবে ঠিক হয়েছিল, বিকালের বাণিজ্যিক উড়ানেই উত্তরবঙ্গে রওনা দেবেন মুখ্যমন্ত্রী। নবান্ন সূত্রে জানা গিয়েছে, হেলিকপ্টারের বন্দোবস্ত করারও চেষ্টা করা হয়েছিল। কিন্তু তা-ও পাওয়া যায়নি। তা ছাড়া উত্তরবঙ্গে আবহাওয়ার যা অবস্থা, তাতে কপ্টার ওড়ার ক্ষেত্রেও ঝুঁকি রয়েছে।দুর্ঘটনার কথা শুনেই মুখ্যসচিব বিপি গোপালিকের সঙ্গে কথা বলেন মমতা। জেলার পদস্থ কর্তাদের সঙ্গেও কথা হয়েছে তাঁর। রাজ্যের বিপর্যয় মোকাবিলা দল যাতে উদ্ধারকার্যে নামে সে ব্যাপারেও নির্দেশ দেন মুখ্যমন্ত্রী। কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস দুর্ঘটনার ছবি দেখে মুখ্যমন্ত্রী ঘনিষ্ঠমহলে বলেছেন, তাঁর গাইসাল রেল দুর্ঘটনার কথা মনে পড়ে যাচ্ছে। মুখ্যমন্ত্রীর ঘনিষ্ঠ সূত্রে খবর, ইচ্ছে থাকলেও দিনের বেলা অকুস্থলে পৌঁছতে পারবেন না তিনি। বিকেলের বিমানে রওনা হয়ে তিনি যাবেন হাসপাতালে। সেখানে দুর্ঘটনায় জখম যাত্রীদের চিকিৎসা চলছে। উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহকে ঘটনাস্থলে যাওয়ার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। পাশাপাশি, সংলগ্ন এলাকার বিধায়কদেরও যেতে বলা হয়েছে।

## কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী
## শ্রী অমিত শাহ আজ নতুন দিল্লিতে শ্রীঅমরনাথ যাত্রার জন্য নিরাপত্তা এবং আনুষঙ্গিক ব্যবস্থা পর্যালোচনা করতে একটি উচ্চস্তরীয় বৈঠকে পৌরোহিত্য করেছেন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ আজ নতুন দিল্লিতে শ্রীঅমরনাথ যাত্রার জন্য নিরাপত্তা এবং আনুষঙ্গিক ব্যবস্থা পর্যালোচনা করতে একটি উচ্চস্তরীয় বৈঠকে পৌরোহিত্য করেছেন। বৈঠকে উপস্থিত ছিলেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা শ্রী অজিত দোভাল, জম্মু-কাশ্মীরের উপ-রাজ্যপাল শ্রী মনোজ সিনহা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব, গোয়েন্দা দপ্তরের অধিকর্তা, সেনাধ্যক্ষ জেনারেল মনোজ পাণ্ডে এবং চিফ অফ আর্মি স্টাফ মনোনীত লেফটেন্যান্ট জেনারেল উপেন্দ্র দ্বিবেদী সহ উচ্চপদস্থ সেনা আধিকারিকরা, সিএপিএফ-এর মহানির্দেশক, জম্মু-কাশ্মীরের মুখ্য সচিব ও পুলিশের ডিজি এবং অন্য উচ্চপদস্থ আধিকারিকরা। পর্যালোচনা বৈঠকে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী নিরাপত্তা সংস্থাগুলিকে আরও সতর্ক থাকার নির্দেশ দেন এবং শ্রীঅমরনাথ যাত্রার জন্য যথেষ্ট পরিমাণে সেনা জওয়ান মোতায়েন নিশ্চিত করতে বলেন। তিনি কার্যকরী নিরাপত্তা ব্যবস্থার জন্য আন্তঃসংস্থা নিখুঁত যোগাযোগ ব্যবস্থা বজায় রাখার নির্দেশ দেন। শ্রী অমিত শাহ বলেন যে, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার ভক্তদের সুষ্ঠু এবং সহজ অভিজ্ঞতা নিশ্চিত করতে দায়বদ্ধ। পাশাপাশি, শ্রীঅমরনাথ যাত্রার ব্যবস্থাপনায় পরিবেশ-বান্ধব উপায় গ্রহণ করতেও চায় সরকার। তিনি বলেন যে, মোদী সরকারের অগ্রাধিকার যাতে শ্রীঅমরনাথ যাত্রার ভক্তরা সহজে পবিত্র দর্শন করতে পারেন এবং তাঁদের যেন কোনও অসুবিধা না হয়। ভক্তদের জন্য শ্রীঅমরনাথ যাত্রা সুরক্ষিত এবং স্বচ্ছন্দ করতে জম্মু ও কাশ্মীর কেন্দ্রশাসিত অঞ্চল উল্লেখযোগ্য উদ্যোগ নিয়েছে। গত বছর ৪.৫ লক্ষের বেশি ভক্ত পবিত্র দর্শন করেন। এ বছর যাত্রা শুরু হবে ২৯ জুন। জম্মু ও কাশ্মীর প্রশাসন সুষ্ঠু যাত্রার জন্য বিস্তারিত ব্যবস্থা করেছে যার মধ্যে আছে, সহজে নাম নথিভুক্তিকরণ, গাড়ি-ঘোড়ার চলাচল, শিবির স্থাপনের ব্যবস্থা, চিকিৎসার সুবিধা, রাস্তার উন্নতি, জল ও বিদ্যুৎ ব্যবস্থা এবং মোবাইল ফোনের সংযোগ।

## ভারতীয় কাস্টমসের নামে
## প্রতারণার বিরুদ্ধে প্রচারাভিযান সিবিআইসি-র

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিভিন্ন নিউজ পোর্টাল / সোশ্যাল মিডিয়ায় কাস্টমসের অফিসার সেজে মানুষের কষ্টার্জিত অর্থ প্রতারণার বেশ কয়েকটি ঘটনা নজরে এসেছে। ফোন কল বা এসএমএস-এর মাধ্যমে এসব প্রতারণা করা হচ্ছে এবং আইনি ব্যবস্থার ভয় দেখিয়ে মানুষের কাছ থেকে টাকা আদায় করা হচ্ছে। এ ধরনের প্রতারণার বিরুদ্ধে মানুষকে সচেতন করতে বিভিন্ন ধরনের প্রচারাভিযান চালাচ্ছে সেন্ট্রাল বোর্ড অফ ডাইরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস (সিবিআইসি)। এর মধ্যে রয়েছে - সংবাদপত্রে বিজ্ঞাপন, সাধারণ মানুষের কাছে এসএমএস / ই-মেল পাঠানো, সামাজিক মাধ্যমে প্রচার প্রভৃতি।

সিবিআইসি-র পক্ষ থেকে বেশ কিছু সতর্কতামূলক পদক্ষেপের পরামর্শ দেওয়া হয়েছে। তাতে বলা হয়েছে, কাস্টমস অফিসাররা কখনই ফোন, এসএমএস কিংবা ই-মেল-এ টাকার জন্য যোগাযোগ করেন না। এ ধরনের কোনও ফোন এলে কখনই নিজের ব্যক্তিগত তথ্য (যেমন পাসওয়ার্ড, সিভিভি, আধার নম্বর প্রভৃতি) অথবা টাকা অজ্ঞাতপরিচয় ব্যক্তি বা সংস্থার কাছে পাঠাবেন না। ভারতীয় কাস্টমসের সঙ্গে যোগাযোগ করতে হলে ডকুমেন্ট আইডেন্টিফিকেশন নম্বর (ডিআইএন)-এর মাধ্যমে সিবিআইসি-র ওয়েবসাইট https://esanchar.cbic.gov.in/DIN/DINSearch -এ গিয়ে যাচাই করে নিতে হবে। এ ধরনের ঘটনা ঘটলে http://www.cybercrime.gov.inev হেল্পলাইন নম্বর ১৯৩০-এ যোগাযোগ করুন।

## ফের খড়গপুর আইআইটিতে
## ছাত্রীর ঝুলন্ত দেহ উদ্ধার!




**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** ফের আইআইটির ছাত্রীর ঝুলন্ত মৃতদেহ উদ্ধার। ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে।

জানা গিয়েছে, সোমবার সকালে খড়্গপুর আইআইটি সরোজিনী নাইড়ু ও ইন্দিরা গান্ধী হল পড়ুয়ারা দেখেন, ছাদের ওপর গলায় ফাঁস লাগিয়ে এক ছাত্রীর দেহ ঝুলছে। এরপরেই এ ঘটনা চাউর হতে আইআইটির চত্বর জুড়ে ব্যাপক শোরগোল পড়ে যায়। ঘটনার খবর দেওয়া হয় খড়্গপুর টাউন থানার পুলিশকে। খবর পেয়ে তড়িঘড়ি পুলিশ পৌঁছে মৃতদেহ উদ্ধার করে। আইআইটি কর্তৃপক্ষ সূত্রে জানা গিয়েছে, মৃত ছাত্রীর নাম দেবিকা পিল্লাই, কেরল রাজ্যে তার বাড়ি। মৃত ছাত্রী বিটেক চতুর্থ বর্ষের ছাত্রী ছিলেন। কদিন আগেই ছুটিতে বাড়ি গিয়েছিলেন ওই ছাত্রী। এরপর সেখান থেকে ফিরেই এমন ঘটনা ঘটে।

প্রাথমিক ভাবে মনে করা হচ্ছে বাড়িতে কোন বিষয় নিয়ে পরিবারের সঙ্গে গোলযোগ ছিল দেবিকার। আর সেই কারণেই এই আত্মহত্যা। ইতিমধ্যেই দেবিকার বন্ধুদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। খবর পাঠানো হয়েছে কেরলে তার বাড়িতে। খবর পেয়ে তার বাড়ির লোক ইতিমধ্যেই রওনা দিয়েছেন খড়্গাপুরের উদ্দেশ্যে। তবে কি এই ঘটনা নিছকই আত্মহত্যা? নাকি এই মৃত্যুর পিছনে অন্য কোন কারণ রয়েছে।

ইতিমধ্যেই পুলিশ ছাত্রীর মৃতদেহ ময়নাতদন্তের জন্য খড়্গপুর মহকুমা হাসপাতালে দেহ পাঠিয়েছে। ছাত্রীর মৃত্যুর রহস্য উদঘাটনে ইতিমধ্যেই তদন্ত শুরু করেছে পুলিশ। প্রসঙ্গত, এর আগে বেশ কয়েকবার খড়্গপুর আইআইটিতে ছাত্র মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। কখনো র‍্যাগিং আবার কখনো অতিরিক্ত পড়াশোনার চাপের তত্ত্ব উঠে আসে। তবে এক্ষেত্রে মৃত্যুর আসল কারণ কি তা নিয়ে দ্বন্দ্বে রয়েছে পুলিশ। প্রেম ঘটিত কোনো কারণ কিনা তাও খতিয়ে দেখছে পুলিশ।






## করমণ্ডল এক্সপ্রেস দুর্ঘটনার বছর ঘুরতে না ঘুরতে
## ফের বড়সড় দুর্ঘটনার কবলে পড়ল ভারতীয় রেল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** করমণ্ডল এক্সপ্রেস দুর্ঘটনার বছর ঘুরতে না ঘুরতে ফের বড়সড় দুর্ঘটনার কবলে পড়ল ভারতীয় রেল। ওড়িশায় করমণ্ডল এক্সপ্রেস দুর্ঘটনার পর এবার বাংলায় দুর্ঘটনার কবলে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস। মৃতের সংখ্যা ইতিমধ্যে ১৫ ছাড়িয়েছে। এই দুর্ঘটনায় শোকপ্রকাশ করে এবার নরেন্দ্র মোদী সরকারকে একহাত নিলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী।রাহুল গান্ধীর পাশাপাশি সর্বভারতীয় কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়্গেও এদিনের রেল দুর্ঘটনা নিয়ে মোদী সরকারকে তীব্র কটাক্ষ করেছেন। মোদী সরকার রেল মন্ত্রককে 'ক্যামেরা-চালিত স্ব-প্রচারের একটি প্ল্যাটফর্মে রূপান্তর করেছে' বলে টুইটারে কটাক্ষ করেন মল্লিকার্জুন খাড়্গে। তবে এই বিষয়টি তাঁরা মেনে নেবেন না। এই বিষয়টি নিয়ে সংসদে প্রশ্ন তুলবেন এবং বিরোধী হিসাবে এটা তাঁদের 'বাধ্যতামূলক কর্তব্য' বলেও উল্লেখ করেছেন কংগ্রেস সভাপতি।কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস দুর্ঘটনায় আহত ও মৃতদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে টুইট করেছে রাহুল গান্ধী। একইসঙ্গে কেন্দ্রকে উল্লেখ করে তিনি জানান, অবিলম্বে আহত ও মৃতদের পরিবারকে সম্পূর্ণ ক্ষতিপূরণ দেওয়া উচিত। পাশাপাশি এই দুর্ঘটনায় উদ্ধারকাজ ও ত্রাণে সহায়তা করার জন্য কংগ্রেস নেতা-কর্মীদের অনুরোধ জানিয়েছেন রাহুল গান্ধী।

বর্তমানে রেল দুর্ঘটনা অতিরিক্ত বেড়ে গিয়েছে অভিযোগেও সরব হয়েছেন কংগ্রেস সাংসদ। নরেন্দ্র মোদী সরকারকে একহাত নিয়ে টুইটারে তিনি লিখেছেন, "গত ১০ বছরে রেল দুর্ঘটনা বৃদ্ধি মোদী সরকারের অব্যবস্থাপনা এবং অবহেলার প্রত্যক্ষ ফল, এর ফলে প্রতিদিন যাত্রীদের জীবন ও সম্পদের ক্ষতি হচ্ছে। আজকের দুর্ঘটনা এই বাস্তবতার আরেকটি উদাহরণ।"

পরপর ট্রেন দুর্ঘটনার বিষয়টি মেনে নেওয়া হবে না বলেও কার্যত হুঁশিয়ারি দিয়েছেন মোদী ৩.০ সরকারের বিরোধী দলনেতা। এদিনের কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস দুর্ঘটনার প্রসঙ্গ তুলে টুইটারে তিনি লিখেছেন, "এই দুর্ঘটনার জন্য দায়িত্বশীল বিরোধী হিসেবে আমরা এই ভয়ঙ্কর অবহেলা নিয়ে প্রশ্ন তুলব এবং মোদী সরকারকে জবাব দিতে হবে।

## প্রধানমন্ত্রী ১৮-১৯ জুন উত্তরপ্রদেশ এবং বিহারে যাবেন

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১৮ এবং ১৯ জুন, ২০২৪-এ উত্তরপ্রদেশ এবং বিহার সফরে যাবেন।

১৮ জুন বিকেল ৫টা নাগাদ প্রধানমন্ত্রী উত্তরপ্রদেশের বারাণসীতে পিএম কিষাণ সম্মান সম্মেলনে অংশ নেবেন। সন্ধ্যা ৭টা নাগাদ প্রধানমন্ত্রী দশাশ্বমেধ ঘাটে গঙ্গারতি দেখবেন। রাত ৮টা নাগাদ কাশী বিশ্বনাথ মন্দিরে তিনি পূজা ও দর্শন করবেন।

১৯ জুন সকাল ৯-৪৫ নাগাদ প্রধানমন্ত্রী নালন্দার ধ্বংসাবশেষ পরিদর্শন করবেন। ১০-৩০ মিনিট নাগাদ প্রধানমন্ত্রী বিহারের রাজগীরে নালন্দা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের উদ্বোধন করবেন। এই উপলক্ষে প্রধানমন্ত্রী সমাবেশে ভাষণও দেবেন।

**উত্তরপ্রদেশে প্রধানমন্ত্রী**

তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী পদে শপথ নেওয়ার পর প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী কৃষককল্যাণে সরকারের দায়বদ্ধতার প্রতিফলনে পিএম কিষাণ নিধি-র সপ্তদশ কিস্তির টাকা ছাড়ার ফাইলে সই করেন। প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি (পিএম কিষাণ)-এর অধীনে প্রত্যক্ষ সুবিধা হস্তান্তরের মাধ্যমে ২০,০০০ কোটি টাকারও বেশি মূল্যের ১৭তম কিস্তিটি দেবেন প্রায় ৯.২৬ কোটি সুবিধাপ্রাপককে। এ পর্যন্ত ১১ কোটিরও বেশি যোগ্য কৃষক পরিবার পিএম কিষাণ-এর অধীনে ৩.০৪ লক্ষ কোটি টাকা বেশি সুবিধা পেয়েছেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী 'কৃষি সখী' হিসেবে স্বনির্ভর গোষ্ঠীর ৩০ হাজারেরও বেশি মহিলাকে শংসাপত্রও দেবেন। 'কৃষি সখী কনভারজেন্স প্রোগ্রাম' (কেএসিপি)-এর লক্ষ্য গ্রামীণ ভারতের রূপান্তর করা 'কৃষি সখী' হিসেবে গ্রামীণ মহিলাদের সশক্তিকরণের মাধ্যমে। তাঁদের দেওয়া হবে প্রশিক্ষণ এবং সহায়ক কর্মী হিসেবে 'কৃষি সখী'র শংসাপত্র। এই পাঠ্যক্রম 'লাখপতি দিদি' কর্মসূচির উদ্দেশ্যের সঙ্গে সম্পৃক্ত।

**বিহারে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী বিহারের রাজগিরে নালন্দা বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাসের উদ্বোধন করবেন। এই বিশ্ববিদ্যালয় ভারত এবং ইস্ট এশিয়া সামিট (ইএএস) দেশগুলির যৌথ উদ্যোগ। এই উদ্বোধনী অনুষ্ঠানে বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত থাকবেন যার মধ্যে ১৭টি দেশের নেতারাও থাকবেন। এই ক্যাম্পাসে দুটি অ্যাকাডেমিক ব্লক থাকবে। প্রতিটিতে ৪০টি করে শ্রেণীকক্ষ থাকবে। প্রায় ১,৯০০ জনের বসার ব্যবস্থা থাকবে। প্রতিটি ৩০০ আসনের দুটি প্রেক্ষাগৃহ থাকবে। ৫৫০ ছাত্রের বাসোপযোগী ছাত্রাবাস থাকবে। এছাড়া বিভিন্ন সুবিধা থাকবে যেমন ইন্টারন্যাশনাল সেন্টার, ২ হাজার মানুষ বসতে পারে এমন অ্যাম্ফিথিয়েটার, ফ্যাকাল্টি ক্লাব এবং স্পোর্টস কমপ্লেক্স ইত্যাদি।

এই ক্যাম্পাস হবে 'নেট জিরো গ্রিন ক্যাম্পাস'। এর নিজস্ব সৌরবিদ্যুৎ কেন্দ্র থাকবে। থাকবে পানীয় জল পরিশোধনের কেন্দ্রও। বর্জ্য জল পুনর্ব্যবহার করার উপযোগী কেন্দ্র থাকবে, ১০০ একরের জলাভূমি থাকবে। এছাড়া থাকবে আরও অনেক পরিবেশ-বান্ধব সুবিধা। এই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ইতিহাসের এক গভীর সম্পর্ক আছে। মূল নালন্দা বিশ্ববিদ্যালয়টি স্থাপিত হয়েছিল ১৬০০ বছর আগে। মনে করা হয়, এটিই ছিল বিশ্বের প্রথম আবাসিক বিশ্ববিদ্যালয়। ২০১৬-য় নালন্দার ধ্বংসাবশেষকে ইউএন হেরিটেজ সাইট হিসেবে ঘোষণা করা হয়।

১ পাতার পর

## দুর্ঘটনায় কবলে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস

মৃতদের পরিবারের জন্য ১০ লাখ টাকা এবং গুরুতর আহতদের জন্য ২.৫ লাখ টাকা ও আহতদের জন্য ৫০ হাজার টাকা করে আর্থিক সাহায্যের কথা ঘোষণা করা হয়েছে বলে জানা গিয়েছে সূত্রের খবর। পাশাপাশি আরও জানা যায় যে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস দুর্ঘটনার খবর পেয়েই উত্তরবঙ্গের উদ্দেশ্যে বেরিয়ে পড়েন রাজ্যপাল সিভি আনন্দ বোস। উত্তরবঙ্গে পৌঁছেই হাসপাতালে চিকিৎসাধীন আহতদের সঙ্গে দেখা করেছেন তিনি। সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন বিষয়টি মর্মান্তিক এবং খতিয়ে দেখবেন উদ্ধার কাজ।

১ পাতার পর

## কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসে ভয়াবহ দুর্ঘটনার কারণ কি !

দেওয়া হয়নি এত গুরুত্বপূর্ণ ট্রেনে?

সিগন্যাল ত্রুটি বা আনুষঙ্গিক কারণ ছাড়াও মাল গাড়ির লোকো পাইলটদের শরীরের ক্লান্তি এই ধরনের দুর্ঘটনা ডেকে আনছে। রেলের নিয়ম অনুযায়ী, ৮-১০ ঘন্টা মালগাড়ির লোকো পাইলট নিজের পরিষেবা দিতে পারবেন। কিন্তু দেখা যাচ্ছে, তাঁদের দিয়ে ১৬-১৭ ঘন্টা রেক চালাতে বাধ্য করা হচ্ছে। ফলে চালকদের শরীর ভেঙ্গে পড়ছে, শরীর ক্লান্তির জন্যই চোখ বন্ধ হয়ে আসছে। এক্ষেত্রেও তেমনি হয়েছে বলে মনে করছেন রেল আধিকারিকদের একাংশ। ক্রসিং পেরিয়ে মালগাড়িটি যখন ধাক্কা মারে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসে তখন মাল গাড়ির গতিবেগ ১১০ কিলোমিটার ছিল বলেই জানা গিয়েছে। কিন্তু কীভাবে সিগন্যাল ফেল করলেন চালক? যান্ত্রিক গোলোযোগ, নাকি চালকের ত্রুটি, তা নিয়েই প্রশ্ন উঠতে শুরু করেছে। বেলা ১.০৫ নাগাদ দুর্ঘটনাগ্রস্থ ৫ টি বাদে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের বাকি বগি নিয়ে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসকে রওনা করা হয়েছে শিয়ালদহের উদ্দেশ্যে। রেলওয়ে বোর্ডের চেয়ারম্যান ও সিইও জয়া বর্মা সিনহা জানালেন, মৃতের সংখ্যা বেড়ে ১৫। আহত ৬৫। মৃতদের মধ্যে রয়েছেন মালগাড়ির চালক, কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের গার্ড।

দুর্ঘটনার জেরে বাতিল ট্রেন এবং গতিপথ বদল করা ট্রেনের তালিকা। দুর্ঘটনাগ্রস্ত লাইন ফের স্বাভাবিক পরিস্থিতিতে ফিরতে বেশ কিছুটা সময় যে লাগবে, সে বিষয়ে কোনও সন্দেহ নেই। সেই কারণে বাতিল করা হয়েছে ১৯টি ট্রেন। বেশ কয়েকটি ট্রেনের গতিপথ পরিবর্তনও করা হয়েছে। রেলের তরফ থেকে প্রকাশিত তথ্য অনুযায়ী বাতিল করা হয়েছে যে ট্রেনগুলি: -

১৯৬০২ নিউ জলপাইগুড়ি-উদয়পুর সিটি উইকলি এক্সপ্রেস ২০৫০৩ ডিব্রুগড়-নিউ দিল্লি রাজধানী এক্সপ্রেস ১২৪২৩ ডিব্রুগড়-নিউ দিল্লি রাজধানী এক্সপ্রেস ০১৬৬৬ আগরতলা-রানি কমলাপতি স্পেশাল ট্রেন ১২৩৭৭ শিয়ালদহ-নিউ আলিপুরদুয়ার পদাতিক এক্সপ্রেস ০৬১০৫ নাগেরকোল জং-ডিব্রুগড় স্পেশাল ২০৫০৬ নিউ দিল্লি-ডিব্রুগড় রাজধানী এক্সপ্রেস ১২৪২৪ নিউ দিল্লি-ডিব্রুগড় রাজধানী এক্সপ্রেস ২২৩০১ হাওড়া-নিউ জলপাইগুড়ি বন্দে ভারত ১২৩৪৬ গুয়াহাটি-হাওড়া সরাইঘাট এক্সপ্রেস ১২৫০৫ কামাখ্যা-আনন্দবিহার নর্থইস্ট এক্সপ্রেস ১২৫১০ গুয়াহাটি-বেঙ্গালুরু এক্সপ্রেস ২২৩০২ নিউ জলপাইগুড়ি-হাওড়া বন্দে ভারত ১৫৬২০ কামাখ্যা-গয়া এক্সপ্রেস ১৫৯৬২ ডিব্রুগড়-হাওড়া কামরূপ এক্সপ্রেস ১৫৬৩৬ গুয়াহাটি-ওখা এক্সপ্রেস ১৫৯৩০ নিউ তিনসুকিয়া-তামব্রম এক্সপ্রেস ১৩১৪৮ বামণহাট-শিয়ালদহ উত্তরবঙ্গ এক্সপ্রেস ২২৫০৪ ডিব্রুগড়-কন্যাকুমারী এক্সপ্রেস

গতিপথ বদল করা হয়েছে যে ট্রেনগুলি:-

১২৩৭৭ শিয়ালদহ-নিউ আলিপুরদুয়ার পদাতিক এক্সপ্রেস ০৬১০৫ নাগেরকোলি-ডিব্রুগড় স্পেশাল ২০৫০৬ নয়াদিল্লি-ডিব্রুগড় রাজধানী এক্সপ্রেস ১২৪২৪ নয়াদিল্লি-ডিব্রুগড় রাজধানী এক্সপ্রেস ২২৩০১ হাওড়া-নিউ জলপাইগুড়ি বন্দে ভারত এক্সপ্রেস ঘুরিয়ে দেওয়া হবে আলুয়াবাড়ি রেল জংশন-বাগডোগরা-শিলিগুড়ি- নিউ জলপাইগুড়ি লাইনে।

১৯৬০২ নিউ জলপাইগুড়ি-উদয়পুর সিটি এক্সপ্রেস ২০৫০৩ ডিব্রুগড়-নয়াদিল্লি রাজধানী এক্সপ্রেস ১২৪২৩ ডিব্রুগড়-নয়াদিল্লি রাজধানী এক্সপ্রেস ০১৬৬৬ আগরতলা-রানি কমলাপতি হাবিবগঞ্জ স্পেশাল ঘুরিয়ে দেওয়া হবে নিউস্পেশাল ঘুরিয়ে দেওয়া হবে নিউ জলপাইগুড়ি -শিলিগুড়ি-বাগডোগরা-আলুয়াবাড়ি রেল জংশন লাইনে পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

১ পাতার পর

## বিজেপি সভাপতির পরিবর্তে ওই পদে আসতে পারেন প্রবীণ নেতা রাজনাথ সিং

আহ্বায়ক থাকাকালে বিজেপির একক সংখ্যাগরিষ্ঠতা ছিল। শরিকি নির্ভরতা ছিল না। কিন্তু এখন তা নেই। ফলে জোটের রাশ বিজেপি নিজেদের হাতে রাখতে চাইছে। আর ওই পদে নরম স্বভাবের মানুষ রাজনাথ যোগ্য ব্যক্তি হবেন বলে অনেকেই মনে করছেন। তারই প্রাথমিক পদক্ষেপ ছিল রবিবারের বৈঠক। কিন্তু লোকসভার স্পিকারের মতো জোটের আহ্বায়ক পদও বিজেপি শরিকদের দিতে নারাজ।

তবে ওই পদে গুরুত্বপূর্ণ পরিবর্তনের আভাস মিলেছে রবিবার। মনে করা হচ্ছে বিজেপি সভাপতির পরিবর্তে ওই পদে আসতে পারেন প্রবীণ নেতা রাজনাথ সিং। রবিবার তাঁর দিল্লির বাড়তে অনুষ্ঠিত হয় এনডিএ-র বৈঠক। সেখানে মূল আলোচ্য ছিল লোকসভার স্পিকার পদে ভোটাভুটি। বিরোধী ইন্ডি জোট বলেছে, ডেপুটি স্পিকার পদ তাদের না দিলে স্পিকার পদে তারা প্রতিদ্বন্দ্বিতা করবে। বিজেপি নেতৃত্বের আশঙ্কা, ভোটাভুটিকে দল বিপাকে পড়তে পারে। এই পরিস্থিতিতে এনডিএ জোট শরিকদের নিয়ে বৈঠক করেন রাজনাথ। আশ্চর্যের হল, সেখানে বিজেপি সভাপতি তথা এনডিএ-র বর্তমান আহ্বায়ক জেপি নাড্ডা উপস্থিত ছিলেন না। চলতি মাসেই নাড্ডার জায়গায় নতুন কেউ সভাপতি হবেন। কিন্তু জল্পনা শুরু হয়েছে, যিনিই হোন, তিনি জোটের আহ্বায়ক হবেন না। সেই দায়িত্ব বর্তাতে পারে রাজনাথের উপর। কারণ, প্রাক্তন বিজেপি সভাপতি রাজনাথের সঙ্গে শুধু শরিক দলগুলিই নয়, বিরোধী নেতাদেরও সম্পর্ক বেশ ভাল। সকলকে নিয়ে চলতে পারার মানসিকতা তাঁর আছে। চন্দ্রবাবু ও নীতীশের দল স্পিকার পদ গোড়ায় দাবি করলেও পরে সরে আসে। বিজেপি ফের আগের স্পিকার ওম বিড়লাকেই প্রার্থী করতে পারে। শুধু এনডিএ'র শরিকেরাই নয়, অন্ধ্রপ্রদেশের ওয়াইএসআর কংগ্রেস এবং ওড়িশার বিজু জনতা দলকেও পাশে চায় বিজেপি। তাদের বিরুদ্ধে সদ্য সমাপ্ত নির্বাচনে বিজেপি বড় জয় হাসিল করলেও আগের দুই দফায় এনডিএ-তে না থেকেও ওই দুই দল শরিকের মতোই গুরুত্বপূর্ণ ইস্যুতে পাশে ছিল পদ্ম শিবিরের। ওই দুই এই ব্যাপারে তাদের আগের অবস্থান বদলের কোনও আভাস এখনও পর্যন্ত দেয়নি। অর্থাৎ 'ইন্ডিয়া'-র পাশে থাকবে না।

## অষ্টাদশ এমআইএফএফ-এ পরিবেশ সম্পর্কিত ছবির প্যাকেজের সঙ্গে আপন করে নিন 'মিশন লাইফ'

**মুম্বাই, ১৭ জুন, ২০২৪ : নিউজ সারাদিন :** জীবনকে দীর্ঘস্থায়ী করতে এবং পরিবেশ রক্ষায় নাগরিক দায়িত্ববোধ জাগাতে মুম্বাই ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল (এমআইএফএফ)-এর অষ্টাদশ সংস্করণে 'মিশন লাইফ' শীর্ষক একটি বিশেষ প্যাকেজ পরিবেশন করা হবে। সিএমএস বাতাবরণ পরিবেশিত এই সংগ্রহে আছে যত্নের সঙ্গে মনোনীত পাঁচটি ছবি যেখানে মানুষের সঙ্গে পৃথিবীর সূক্ষ্ম সম্পর্ক এবং পারস্পরিক নির্ভরতা তুলে ধরা হয়েছে। এই ছবিগুলির মাধ্যমে বার্তা দেওয়া হচ্ছে, গ্রহের সঙ্গে গভীর সম্পর্ক এবং সম্প্রীতির সঙ্গে সহাবস্থানের জরুরি প্রয়োজনীয়তার ওপর। 'মিশন লাইফ'-এই বিশেষ প্যাকেজে যে ছবিগুলি দেখানো হবে

১. সেভিং দ্য ডার্ক

বিশ্বের ৮০ শতাংশ মানুষ আর ছায়াপথ দেখতে পাবেন না। যদি আমরা তারা না দেখতে পাই, তাহলে আমরা কি হারাব? অতিরিক্ত এবং অযথা আলো আমাদের থেকে রাতের আকাশকে কেড়ে নিচ্ছে। আমাদের ঘুমের ব্যাঘাত ঘটাচ্ছে এবং রাতচরা প্রাণীরা হয়ে পড়ছে অসহায়। বর্তমানে এলইডি প্রযুক্তির উন্নতিতে অনেক শহরই রাস্তাগুলিকে সুরক্ষিতভাবে আলোকিত করতে পারছে। রাতের পরিবেশকে নষ্ট না করেই শক্তির সাশ্রয় ঘটাতে পারছে। 'সেভিং দ্য ডার্ক' রাতের আকাশকে বাঁচিয়ে রাখার প্রয়োজনীয়তাকে তুলে ধরেছে এবং তুলে ধরেছে আলোর দূষণের বিরুদ্ধে আমরা কিভাবে লড়াই করতে পারি সে বিষয়টিও।

২. লক্ষণ রেখা (লক্ষণ যে রেখা এঁকেছিলেন)

'লক্ষণ রেখা' ছবিটি লক্ষণ সিং-এর জীবনের একটি অন্তরঙ্গ ছবি তুলে ধরেছে। স্কুলছুট ছেলেটি খরা পীড়িত একটি গ্রামকে কেন্দ্র করে স্বেচ্ছাশ্রমিক বাহিনী গড়ে কিভাবে ভারতের বিখ্যাত মরুভূমি অঞ্চলের ৫৮টি গ্রামের নিয়তির পরিবর্তন ঘটালো, তারই কাহিনী এই ছবি। এমনকি আজও জল সরবরাহ বিঘ্নিত, কিন্তু সে প্রতিটি বিন্দু জল সংরক্ষণ সম্পর্কে সচেতনতা জাগিয়ে তোলার কাজ চালিয়ে যাচ্ছে। তবে মানুষ কি তার কথা শুনবে, না আমরা এক চমকপ্রদ ঘটনার জন্য অপেক্ষা করব?

৩. দ্য ক্লাইমেট চ্যালেঞ্জ

আমরা জলবায়ু সঙ্কটের একদম শেষ সীমায়। সবচেয়ে ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলি, যেগুলি জলবায়ু পরিবর্তনের সবচেয়ে বড় শিকার, সেগুলি হল বিশ্বের ক্রায়োস্ফেরিক রিজিয়ন (সুমেরু, কুমেরু এবং হিমালয় অঞ্চল) এবং সমুদ্রও। সুমেরু সাগরে বরফের আচ্ছাদন গত কয়েক বছরে ৩০ শতাংশ কমে গেছে। এখানে দেখা যাচ্ছে যে দ্রুত ক্ষয় ঘটছে। বিজ্ঞানীরা বর্তমানে ব্যবহার করছেন আধুনিকতম প্রযুক্তি পৃথিবীর পক্ষে সবচেয়ে বেশি ক্ষতিকারক ঘটনার অনুসন্ধানে। 'দ্য ক্লাইমেট চ্যালেঞ্জ' আপনাকে নিয়ে যাবে সুমেরু, হিমালয় এবং দক্ষিণ সাগরে যেখানে দেখতে পাবেন জীবনহানিকর পরিস্থিতি এবং বুঝতে পারবেন তার কারণগুলি। ৪. দ্য জোয়ার ব্যালাড (জোয়ার গাথা)

দেশীয় নানা বৈচিত্র্যের মিলেট, নানা ধরনের রন্ধনশৈলী, এর সঙ্গে জোয়ার চাষের চিরাচরিত প্রথা মিশে আমাদের সামনে জীবন্ত হয়ে উঠেছে 'জোয়ার গাথা' (দ্য জোয়ার ব্যালাড) ছবিতে। সমৃদ্ধ ঐতিহ্য প্রকাশ পেয়েছে গান, আচার, নানা কাহিনীর মাধ্যমে। কৃষকরা শুনিয়েছেন শুষ্ক জায়গায় মিলেট চাষ কমে যাওয়ার কথা। বৃদ্ধরা জানিয়েছেন নতুন কৃষি বীজ ও চাষের ধরন, স্বাস্থ্য এবং ফসলের জন্য কি কি ঝুঁকি নিয়ে হাজির হয়েছে।

৫. পেং ইউ সাই

পেং ইউ সাই একটি তদন্তমূলক তথ্যচিত্র। ভারত মহাসাগর থেকে মান্তা রে-তে বেআইনি কার্যকলাপ নিয়ে। এই তথ্যচিত্রের মাধ্যমে বন্যপ্রাণ সংক্রান্ত ছবি নির্মাতা মালাইকা ভাজ ভারত মহাসাগরে মাছ ধরার নৌকা থেকে বেআইনি কারবারগুলির পিছু নিয়েছেন সেই ভারত-মায়ানমার সীমান্ত পর্যন্ত। উন্মোচন করেছেন চিনের গুয়াংঝাউ এবং হংকং-এ বন্যপ্রাণী পাচারকারীদের আস্তানার খবর। এই অভিযানে তিনি কথা বলেছেন মৎস্যজীবী, দালাল, চোরাচালানকারী, সশস্ত্র বাহিনীর জওয়ান এবং বন্যপ্রাণ ব্যবসায়ীদের মাথার সঙ্গে যার থেকে তিনি বুঝতে চেয়েছেন কিভাবে সমুদ্রের অমূল্য সম্পদগুলিকে রক্ষা করা যায়।

## প্রধানমন্ত্রী ভদ্রাসন যোগ ব্যায়ামের ভিডিও সকলের সঙ্গে ভাগ করে নিয়েছেন

**নয়াদিল্লি, ১৭ জুন, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ভদ্রাসন যোগ ব্যায়ামের বিস্তারিত ভিডিও সকলের সঙ্গে ভাগ করে নিয়েছেন। প্রধানমন্ত্রী জানান, এই ব্যায়ামের মধ্যে দিয়ে হাঁটুর জয়েন্ট শক্তিশালী হয় এবং হাঁটুর ব্যাথাও কমে। ভদ্রাসন যোগ চর্চা পেটের পক্ষেও ভালো। এক্স হ্যান্ডেলে প্রধানমন্ত্রী জানিয়েছেন; "ভদ্রাসন হাঁটুর জয়েন্টকে শক্তিশালী করে এবং হাঁটুর ব্যাথা কমায়। পেটের পক্ষেও এই ব্যায়াম অত্যন্ত উপকারি।"

১ পাতার পর

## দুমড়ে যাওয়া কামরার টিনের পাতে আটকে ছিল সরকারি কর্তার দেহ, অভিশপ্ত কাঞ্চনজঙ্ঘা বিপর্যয়ে শেষ ওসি-র

সিগন্যালের গন্ডগোলের জন্যই এই ট্রেন দুর্ঘটনা বলে জানা যাচ্ছে। যদিও কারণ এখনও তদন্ত সাপেক্ষ। দুর্ঘটনায় মৃত্যু হয়েছে, মালগাড়ির লোকো পাইলট ও সহকারি লোকো পাইলটের। মৃত্যু হয়েছে কাঞ্চনজঙ্ঘার গার্ডেরও। তিনি মানিকচকে কর্মরত ছিলেন। এদিন ট্রেনে কর্মস্থলেই ফিরছিলেন তিনি। তাঁর মৃত্যুর বিষয়টি কনফর্ম রয়েছেন জেলাশাসকও। সালেব সুব্বা ছুটিতে বাড়িতে গিয়েছিলেন কয়েকদিন আগে। সোমবারই তাঁর কর্মস্থলে যোগ দেওয়ার কথা ছিল। সকালে ট্রেনে উঠেছিলেন তিনি। কিন্তু আর কাজে যাওয়া হল না। শেষ পাওয়া খবর পর্যন্ত পরিবারের সদস্যরা হাসপাতালে এসে তখনও পৌঁছতে পারেননি।

## মুসলিম ও যাদব সম্প্রদায়ের সাংসদ নন, তা স্পষ্ট জানিয়ে দিয়েছেন

**সীতামারি: নিউজ সারাদিন :** রাজনীতির অবক্ষয় কোন পর্যায়ে পৌঁছেছে তা ফের একবার বুঝিয়ে দিলেন সীতামারির জেডিইউ সাংসদ দেবেশ চন্দ্র ঠাকুর। বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমারের দলের সাংসদ প্রকাশ্য মঞ্চ থেকে ঘোষণা করেছেন, তাঁকে ভোট না দেওয়ায় যাদব ও মুসলিম সম্প্রদায়ের উন্নয়নের জন্য কোনও কাজ করবেন না। শুধু মুসলিম কিংবা যাদব সম্প্রদায়কেই নয়, কুশওয়াহা সম্প্রদায় এনডিএ-র প্রতি বিমুখ হওয়ায়, তাদেরকেও নিশানা করেছেন সীতামারির জেডিইউ সাংসদ। কুশওয়াহা সম্প্রদায়কে কটাক্ষ করে তিনি বলেন, 'এতদিন কুশওয়াহা সম্প্রদায়ের ভোটাররা এনডিএকে ভোট দিয়েছেন। এবার আরজেডি ওই সম্প্রদায়ের সাত জনকে প্রার্থী করায় ডিগবাজি খেয়ে আরজেডিকে ভোট দিয়েছেন।' বিহার বিধান পরিষদের সভাপতি তথা জেডিইউ সাংসদের মুসলিম ও যাদব সম্প্রদায়ের বিরুদ্ধে ঘৃণ্য ভাষণ ইতিমধ্যেই সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে। অর্থাৎ তিনি যে মুসলিম ও যাদব সম্প্রদায়ের সাংসদ নন, তা স্পষ্ট জানিয়ে দিয়েছেন। সীতামারির সাংসদের এমন মন্তব্য নিয়ে ইতিমধ্যেই শোরগোল শুরু হয়েছে। বিরোধী দল আরজেডির রাজ্যসভা সাংসদ তথা মুখপাত্র মনোজ ঝা জেডিইউ সাংসদের মন্তব্যের সমালোচনা করে বলেছেন, 'বিজেপির সঙ্গে থাকায় সাম্প্রদায়িকতার মারণ ব্যাধিতে আক্রান্ত হয়েছেন দেবেশ ঠাকুর।' আজ সোমবার এক অনুষ্ঠানে সীতামারির সাংসদ প্রকাশ্য মঞ্চেই মুসলিম ও যাদবদের নিশানা করে বলেন, ওই দুই সম্প্রদায় এবারের ভোটে আমাকে কোনও ভোট দেয়নি। ফলে ওই দুই সম্প্রদায়ের জন্য আর কোনও কাজ করব না। কোনও কাজের আশা নিয়ে তারা যেন আমার দরজায় না আসেন।'




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১৬৫ সংখ্যা ১৮ জুন, ২০২৪ মঙ্গলবার ০৩ আষাঢ়, ১৪৩১

## সাতসকালে ঝাড়খণ্ডে

## ৪ মাওবাদীকে খতম করল রাজ্যের পুলিশ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দুদিন আগে ছত্তীসগড়ে ৮ মাওবাদী নিকেশ হয়েছিল। সোমবার সাতসকালে ঝাড়খণ্ডে ৪ মাওবাদীকে খতম করল রাজ্যের পুলিশ। ঝাড়খণ্ডের পশ্চিম সিংভূম জেলায় মাওবাদীদের সঙ্গে পুলিশের গুলিযুদ্ধ হয়। তাতেই খতম হয়েছে ৪ জন।লোকসভা ভোট চলাকালীনও ছত্তীসগড়ের বস্তার লাগোয়া জঙ্গলে ৭ মাওবাদীকে খতম করেছিল নিরাপত্তাবাহিনী। জঙ্গলে মাওবাদীদের কয়েকজন শীর্ষ নেতা ঘাপটি মেরে রয়েছে বলে গোয়েন্দা সূত্রে খবর ছিল। সেই মতো তল্লাশি শুরু করে যৌথ বাহিনী। তারও আগে এপ্রিল মাসে কাঙ্কের জেলায় গুলির লড়াইয়ে ২৯ জন মাওবাদীকে খতম করেছিল যৌথ বাহিনী।পাশাপাশি ২ জন মাওবাদীকে গ্রেফতার করা হয়েছে বলে জানিয়েছেন রাজ্য পুলিশের আইজি (অপারেশন) অমল ভি হোমকর।

ঝাড়খণ্ডের টন্টো এবং গোইলকেরা এলাকায় কিছু মাওবাদী লুকিয়ে রয়েছে বলে খবর পায় রাজ্যের পুলিশ। সেই প্রেক্ষিতেই গোপন অভিযান চালানো হয়। তবে লুকিয়ে থাকা মাওবাদীরা অতর্কিতে পুলিশবাহিনীর ওপর হামলা চালায়। শুরু হয় গুলির লড়াই। তাতেই মৃত্যু হয়েছে ৪ জনের। পাশাপাশি একজন মহিলা মাওবাদী নেত্রী সহ ২ জনকে গ্রেফতার করা হয়েছে। একই সঙ্গে ঘটনাস্থল থেকে উদ্ধার করা হয়েছে একাধিক অস্ত্র। এলাকায় তল্লাশি অভিযান এখনও চলছে। মনে করা হচ্ছে, আরও কয়েকজন মাওবাদী সেখানে লুকিয়েও থাকতে পারে। গত ১৫ জুন ছত্তীসগড়ের নারায়ণপুর জেলায় ৮ মাওবাদী নিকেশ হয়েছিল। আইটিবিপির ৫৩ ব্যাটালিয়ান মিলিয়ে নিরাপত্তা বাহিনীর বিশাল ফোর্স এই মাওবাদী দমন অভিযানে নামে। এর আগে চলতি মাসে নারায়ণপুর এলাকায় আরও এক এনকাউন্টারে ৬ মাওবাদীর মৃত্যু হয়েছিল। এনকাউন্টারে যে মাওবাদীদের মৃত্যু হয়েছে, তাদের মাথার দাম ছিল ৩৮ লাখ টাকা।

## সম্পাদকীয়

### সময়োপযোগী, দ্রুত ও ত্রুটিমুক্ত বিচার ত্বরান্বিত করতে আগামী মাস থেকে তিনটি ফৌজদারি আইন কার্যকর করার পক্ষে সওয়াল কেন্দ্রীয় আইন ও বিচার প্রতিমন্ত্রীর

কেন্দ্রীয় আইন ও বিচার প্রতিমন্ত্রী শ্রী অর্জুন রাম মেঘওয়াল আজ তিনটি ফৌজদারি আইন - ভারতীয় ন্যায় সংহিতা, ২০২৩, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা, ২০২৩ এবং ভারতীয় সাক্ষ্য আইন, ২০২৩ আগামী মাসের শুরু থেকেই কার্যকর করার পক্ষে সওয়াল করেছেন। মানুষকে দ্রুত এবং ত্রুটিমুক্ত বিচার দিতে এই আইন তাড়াতাড়ি কার্যকর করা প্রয়োজন বলে মন্তব্য করেন তিনি। কলকাতায় আয়োজিত 'ইন্ডিয়াজ প্রোগ্রেসিভ পাথ ইন দ্য অ্যাডমিনিস্ট্রেশন অফ ক্রিমিনাল জাস্টিস সিস্টেম' শীর্ষক এক আলোচনায় অংশ নিয়ে আজ তিনি বলেন, এই তিনটি ফৌজদারি আইন পুরোপুরি ঔপনিবেশিক ভাবনা থেকে মুক্ত। তিনি বলেন, ব্রিটিশ শাসকরা তাদের নিজেদের প্রয়োজনেই আইন প্রণয়ন করেছিল এবং সাধারণ মানুষের কল্যাণের কথা ভাবেনি। শ্রী মেঘওয়াল বলেন, এমন অনেক আইন রয়েছে যেগুলি ঔপনিবেশিক শাসনের সময় তৈরি হয়েছিল এবং সেগুলি আধুনিক ব্যবস্থার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। এ প্রসঙ্গে বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতির দেশে রূপান্তরিত হওয়ার লক্ষ্যে ভারতের দ্রুত অগ্রগতির কথা তিনি উল্লেখ করেন। তিনি বলেন, আধুনিক সময়ের প্রয়োজনের কথা মাথায় রেখেই ভারত সরকার তিনটি ফৌজদারি আইন প্রণয়ন করেছে। এই আইন নিয়ে বিভিন্ন মহলে যে অভিযোগ উঠেছে, তা খারিজ করে দিয়ে শ্রী মেঘওয়াল বলেন, সবক'টি রাজ্য / কেন্দ্রশাসিত অঞ্চল, আইন প্রণয়নকারী বিভিন্ন সংস্থা এবং সংশ্লিষ্ট সব পক্ষের মতামত বা পরামর্শ নিয়েই এই আইন তৈরি করা হয়েছে। তিনি জানান, আইন প্রণয়নের আগে চার বছর ধরে ১৮টি রাজ্য, ছ'টি কেন্দ্রশাসিত অঞ্চল, ভারতের প্রধান বিচারপতি, ১৬টি হাইকোর্টের প্রধান বিচারপতি, পাঁচটি আইন কলেজ, ২২টি বিশ্ববিদ্যালয়, ১৪২ জন সাংসদ, ২৭০ জন বিধায়ক এবং সাধারণ মানুষের মতামত নেওয়া হয়েছিল। স্বাগত ভাষণে কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রকের সচিব ডঃ রাজীব মণি নতুন তিনটি ফৌজদারি আইনের নানা গুরুত্বপূর্ণ দিক তুলে ধরেন। ভারতের আইন কমিশনের সদস্য সচিব ডঃ রীতা বশিষ্ঠ বক্তব্য রাখেন। সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি শ্রী টি এস শিবাজ্ঞানম বলেন, ১৫০ বছরের ঔপনিবেশিক শাসনে ব্রিটিশরা ভারতের মানুষের চাহিদা ও প্রয়োজনীয়তাকে উপেক্ষা করে নিজেদের স্বার্থে আইন তৈরি করেছিল। স্বাধীনতার পর গত ৮০ বছরে দেশ যখন প্রভূত অগ্রগতির পথে এগোচ্ছে, তখন আইন ও বিচার পিছিয়ে থাকতে পারে না। এখানে উল্লেখ করা যেতে পারে যে, নতুন তিনটি আইনে রাষ্ট্রপতি সম্মতি দেওয়ার পর মানুষের মধ্যে সচেতনতা গড়ে তোলার লক্ষ্যে নতুন দিল্লি এবং গুয়াহাটিতে একই ধরনের দুটি সম্মেলনের আয়োজন করেছিল আইন বিষয়ক দপ্তর।

## বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তিনি যখন নারায়নগঞ্জ এর বারদী আসেন; তখন বাবা লোকনাথকে দেখে চিনতে পারেন। বুঝতে পারেন, ইনিই তার জীবন বাঁচিয়েছিলেন।এরপর সারা ভারত এবং বাংলাদেশে প্রচারবিমুখ বাবা লোকনাথের অসামান্য যোগশক্তির কথা; প্রচার করে বেড়ান এই বিজয়কৃষ্ণ গোস্বামী। তখন থেকেই মানুষ বাবা লোকনাথ সম্পর্কে জানতে পারেন। লোকনাথ বাবার বারদী আসা নিয়েও আছে গল্প। **ক্রমশঃ**

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

## ন্যায় কর্মফল দাতা শনি দেব



মৃত্যুঞ্জয় সরদার

(প্রথম পর্ব)



'যত মত তত পথ' নিয়ে। আজকাল নানা স্থানে এই মতবাদ নিয়ে সমালোচনা দেখতে পাই। তাই দু'চার কথা আমারও বলার ইচ্ছে হল। 'যত মত তত পথ' দিয়ে শ্রীরামকৃষ্ণদেব বুঝিয়েছেন জগতের সব ধর্মমতগুলো সত্য। কি কারণে সত্য? কারণ তারা প্রত্যেকে সত্যকেই অনুসন্ধান করছে। সেই অর্থে তিনি সত্য মেনেছেন। এখন অধুনা প্রাজ্ঞগন সেটা অস্বীকার করেন এই বলে যে সমস্ত ধর্মগুলোতে আচারগত বৈপরীত্য এত বেশী যে একসঙ্গে সব ক'টাকেই সত্য বলাটা উন্মাদের

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## হঠাৎ কেন ইসরায়েলে বাইডেনের বিশেষ উপদেষ্টা হোচস্টেইন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের মধ্যপ্রাচ্য বিষয়ক বিশেষ উপদেষ্টা আমোস হোচস্টেইন। তিনি সোমবার ইসরায়েলে সফরে যাচ্ছেন। হোয়াইট হাউস বলছে, ইসরায়েল ও লেবাননের মধ্যকার ব্লু লাইন বরাবর উত্তেজনা যাতে আরও বৃদ্ধি না পায়, তার জন্য তিনি ইসরায়েল সফরে যাচ্ছেন।

আল জাজিরার খবর অনুসারে, গত ৪৮ ঘণ্টায় পরিস্থিতি অনেকটাই শান্ত। কিন্তু তার আগে পরিস্থিতি খুবই উত্তেজনাপূর্ণ ছিল।

ইসরায়েলে অক্টোবর থেকে হিজবুল্লাহ ইস্যু একটি খুব জীবন্ত রাজনৈতিক ইস্যু হয়ে দাঁড়িয়েছে। হিজবুল্লাহর হামলার কারণে লেবানন সীমান্ত এলাকা থেকে ২৮টি শহর ও গ্রামের প্রায় ৬০ হাজার মানুষকে সরিয়ে নিতে বাধ্য হয়েছে ইসরায়েল। কিন্তু সীমান্ত এলাকার ইসরায়েলিরা তাদের নিজ অঞ্চলে ফিরতে চায়। ইসরায়েল সরকারও চায়, তারা ঘরে ফিরে যাক। আগামী ১ সেপ্টেম্বর দেশটিতে নতুন শিক্ষাবর্ষ শুরু হওয়ার আগে আদর্শভাবে তারা সেখানে ফিরতে চায়। ইসরায়েল বলেছে, তারা হিজবুল্লাহর সঙ্গে আলোচনা করতে প্রস্তুত। কিন্তু হিজবুল্লাহ বলেছে, তারা কেবল তখনই আলোচনায় বসবে এবং কথা বলবে যখন গাজায় যুদ্ধবিরতি হবে। তবে গাজায় ইসরায়েলের যুদ্ধবিরতির সম্ভাবনা এই মুহূর্ত পর্যন্ত ক্ষীণ।

গত বছরের ৭ অক্টোবর গাজায় ইসরায়েলের হামলা শুরুর পর থেকে দেশটির উত্তরাঞ্চলে কয়েক হাজার ড্রোন, ক্ষেপণাস্ত্র ও রকেট হামলা চালিয়েছে হিজবুল্লাহ। জবাবে ইসরায়েলও লেবাননে হিজবুল্লাহর অবস্থান লক্ষ্য করে ব্যাপক হামলা চালিয়েছে। গাজা যুদ্ধের জেরে সময় সময় হিজবুল্লাহ ও ইসরায়েলের মধ্যে পাল্টাপাল্টি হামলার ঘটনা ক্রমবর্ধমানভাবে বাড়ছে। উভয় পক্ষ বলছে, তারা যুদ্ধের জন্য প্রস্তুত।

## দুই দশকেরও বেশি সময় পর উত্তর কোরিয়া যাচ্ছেন রুশ প্রেসিডেন্ট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন আগামীকাল মঙ্গলবার উত্তর কোরিয়া সফরে যাচ্ছেন। ক্রেমলিন জানিয়েছে, পুতিনের এই সফর দুই দিনব্যাপী হবে।

দুই দশকের বেশি সময় পর উত্তর কোরিয়ায় রাশিয়ার কোনো প্রেসিডেন্টের এটিই প্রথম সফর। পুতিন সর্বশেষ ২০০০ সালে উত্তর কোরিয়া সফর করেছিলেন। ওই সময় তিনি কিমের পূর্বসূরি তার প্রয়াত পিতা কিম জং ইলের সাথে সাক্ষাৎ করেছিলেন।

সিএনএনের খবরে বলা হয়েছে, রাশিয়া ও উত্তর কোরিয়া যে সম্পর্ক গভীর করছে এটি তার সর্বশেষ উদাহরণ। মস্কো-পিয়ংইয়ংয়ের মধ্যকার বর্ধিষ্ণু সম্পর্ক পশ্চিমা দুনিয়ায় উদ্বেগের সৃষ্টি করেছে।

খবর অনুসারে, ২০২২ সালের ২৪ ফেব্রুয়ারি ইউক্রেনে আক্রমণের পর রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের এটি একটি বিরল সফর। উত্তর কোরিয়ার নেতা কিম জং উনের জন্যও এটি একটি গুরুত্বপূর্ণ মুহূর্ত। রাজনৈতিকভাবে বিচ্ছিন্ন উত্তর কোরিয়ায় ২০১৯ সালে করোনা ভাইরাসের পর থেকে কোনো প্রভাবশালী বিশ্ব নেতা ভ্রমণ করেননি। বিশ্লেষকদের ধারণা, আসন্ন সফরে পুতিন উত্তর কোরিয়ার নেতার সঙ্গে সম্পর্ক আরও মজবুত করবেন। অন্যদিকে, পশ্চিমা বিশ্ব পুতিনের এই সফরে বিশেষ নজর রাখছে। ইউক্রেনে যুদ্ধরত পুতিনের সমরাস্ত্রের সহায়তা প্রয়োজন, এমন সময় তিনি পশ্চিমা দেশগুলোর প্রতি শত্রুতা পোষণকারী উত্তর কোরিয়ায় যাচ্ছেন। এদিকে উত্তর কোরিয়া সফরের পর রুশ প্রেসিডেন্ট দুইদিনের সফরে ভিয়েতনাম যাবেন। গত সেপ্টেম্বরে উত্তর কোরিয়ার প্রেসিডেন্ট কিম জং উন তার সাজোয়া ট্রেনে রাশিয়ার উত্তরাঞ্চলে ভ্রমণ করেন। ওই ভ্রমণে কিম রাশিয়ার একটি কারখানায় যান যেখানে যুদ্ধবিমান তৈরি করা হয়।

# সিনেমার খবর

cinema TV

## সোহমের বিরুদ্ধে হাইকোর্টে রেস্তোরাঁ -মালিক!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** নিউ টাউনের রেস্তোরাঁর মালিককে মারধরের ঘটনায় এবার আদালতে পৌঁছল। অভিনেতা তথা চণ্ডীপুরের বিধায়ক সোহম চক্রবর্তীর বিরুদ্ধে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলেন ওই রেস্তোরাঁর মালিক আনিসুল আলম। রেস্তোরাঁ মালিকের অভিযোগ, সোহমের বিরুদ্ধে কোনও পদক্ষেপ নিচ্ছে না পুলিশ। তাই ঘটনার চার দিন পর ওই রেস্তোরাঁর মালিক হাইকোর্টে মামলা করেন। আনিসুলের আইনজীবীর দাবি, তার মক্কেল এবং পরিবারকে হুমকি দিচ্ছেন সোহম। পুলিশে অভিযোগ জানিয়েও কাজ হয়নি। মামলা দায়ের করার অনুমতি দিয়েছেন বিচারপতি অমৃতা সিংহ। আগামী শুক্রবার শুনানির সম্ভাবনা রয়েছে।

গত শুক্রবার সন্ধ্যায় নিউ টাউনের এক রেস্তোরাঁর একটি ফ্লোরে শুটিং করছিলেন সোহম। সেই সময়ই রেস্তোরাঁর সামনে শুটিং ইউনিটের গাড়ি রাখা নিয়ে সোহমের নিরাপত্তারক্ষীদের সঙ্গে ঝমেলা বাধে ওই রেস্তোরাঁর মালিক আনিসুলের। তার অভিযোগ, একটি পার্কিং খালি করতে বললে সোহমের নিরাপত্তারক্ষীরা তার উপর চড়াও হন। আরও অভিযোগ, এর পর সোহমও তাকে মারধর করেন। তাকে ঘুষি মারা হয়। এমনকি, সোহম তাকে সজোরে লাথি মারেন বলেও অভিযোগ করেছেন আনিসুল।

এই ঘটনাকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক তরজাও। আনিসুলের দাবি, তিনি পুরো বিষয়টি পুলিশকে জানিয়েছেন। মারধরের ভিডিয়ো সিসি ক্যামেরাতেও ধরা পড়েছে।

মারধরের ঘটনা সম্পর্কে সোহমকে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, অভিষেককে (বন্দ্যোপাধ্যায়) নিয়ে গালাগালি করেছে সেটা মেনে নেয়া যায় না। চারটে চড় মেরেছি। ধাক্কা দিয়েছি। অভিনেতারাও মানুষ। আমাদেরও আবেগ আছে। যদিও পরে তিনি এ ব্যাপারে ক্ষমা চান। শনিবার দুপুরে ক্ষমা চেয়ে সোহম বলেন, আগে আমার ও আমার প্রযোজনা সংস্থার কর্মীদের উপর আক্রমণ করা হয়েছিল। অকথ্য গালিগালাজ করা হয়, কুকথা বলা হয় অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নামেও। সেই সময়ে মাথা ঠিক রাখতে পারিনি। কিন্তু একজন জনপ্রতিনিধি হিসেবে এমন কাজ করা উচিত হয়নি। আমার ভুল হয়েছে।

তবে তিনি এ-ও অভিযোগ করেন, যে ফুটেজ প্রকাশ্যে এনেছেন ওই রেস্তোরাঁ কর্তৃপক্ষ, তাতে শুধু তার মারমুখী চেহারাটাই দেখা যাচ্ছে। কিন্তু আসল ঘটনার সূত্রপাত হয়েছে আধ ঘণ্টা বা ৪৫ মিনিট আগে। বিধায়ক সোহম চক্রবর্তীর তরফে পাল্টা দাবি করা হয়েছে, ওই সন্ধ্যায় তারা শুটিং করতে যাওয়ার সময় থেকেই কিছু সমস্যা তৈরি হয়েছিল। পরে রেস্তোরাঁর মালিক অভদ্র ব্যবহার শুরু করেন। তার এবং তার দেহরক্ষীর সঙ্গে দুর্ব্যবহার করা হয়। এমনকি, দেহরক্ষীর গায়ে হাতও তোলা হয়। সেই সব ঘটনার ফুটেজ প্রকাশ্যে আসছে না। গোটা হার্ড ডিস্কটা নিয়েই চলে গিয়েছেন ওই রেস্তোরাঁর মালিক। সেটা খুঁজে বার করা দরকার।

## বছরে কত পারিশ্রমিক পান শাহরুখের ম্যানেজার?



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** একই দিনে জন্মদিন। পড়াশোনাও করেছেন একই বিষয় নিয়ে। ১২ বছর ধরে কাজ করছেন। তবে ম্যানেজার নন, পূজা দাদলানিকে খান পরিবারের সদস্যই মনে করেন বলিউডের 'বাদশা' শাহরুখ খান।

২০১২ সালে অভিনেতার জীবনযাপন এবং ব্যবসা সংক্রান্ত যাবতীয় দায়িত্বভার সামলাতে শাহরুখের ম্যানেজার পদে নিযুক্ত হন পূজা।শাহরুখের মতো পূজাও গণজ্ঞাপন নিয়ে পড়াশোনা করেছেন। কম বয়স থেকে রোজগারও করেছেন তিনি। খবর আনন্দবাজারের।

শাহরুখ এবং পূজার বয়সের পার্থক্য ১৮ বছরের হলেও তাদের জন্মদিন একই। শাহরুখের ব্যস্ত জীবনকে সময়ানুযায়ী সাজিয়ে দেয়া থেকে শুরু করে বাদশার বহু গুরুত্বপূর্ণ কাজের দায়িত্ব রয়েছে পূজার।

শাহরুখ এবং গৌরী খানের মালিকানায় যে প্রযোজনা সংস্থা রয়েছে, তার ব্যবসায়িক কাজ সামলান পূজা।

২০০৮ সালে আইপিএলে কলকাতা নাইট রাইডার্স (কেকেআর) দলের মালিকানা পান শাহরুখ এবং বলি অভিনেত্রী জুহি চাওলা। কেকেআরের যাবতীয় ব্যবসায়িক কার্যকলাপ নখদর্পণে রয়েছে পূজার।

বলিপাড়ার সকল জনপ্রিয় তারকার সঙ্গে পরিচিতি রয়েছে পূজার। শাহরুখের সমাজমাধ্যমে জনসংযোগ সংক্রান্ত অধিকাংশ পোস্টের দায়িত্বে থাকেন পূজা।

সিনেমার প্রচারে গেলে অথবা দেশ-বিদেশের কোথাও অনুষ্ঠানে গেলে মঞ্চের সামনে ফোনের ক্যামেরা অন করে হাজির থাকেন পূজা। অভিনেতার জীবনের গুরুত্বপূর্ণ মুহূর্ত ক্যামেরাবন্দি করেন তিনি। পূজার বার্ষিক শুনলে চোখ উঠবে কপালে। বছরে শাহরুখের কাছ থেকে পারিশ্রমিক হিসেবে ৭ থেকে ৯ কোটি টাকা পান তিনি।

বলিপাড়ার অন্দরমহলে কান পাতলে শোনা যায়, ম্যানেজার পদে কাজ করার দরুণ শাহরুখের কাছ থেকে মাসে ৬০ লক্ষ টাকা বেতন পান পূজা।

২০২১ সালের একটি রিপোর্ট অনুযায়ী, পূজার মোট সম্পত্তির পরিমাণ ৪৫ থেকে ৫০ কোটি টাকা।

মুম্বইয়ের বান্দ্রায় ফ্ল্যাট রয়েছে পূজার। কানাঘুষো শোনা যায়, এই ফ্ল্যাটের বাজারমূল্য প্রায় আট কোটি টাকা।

বিপদে-আপদে একেবারে ছায়াসঙ্গীর মতোই পাশে থাকেন পূজা। এক দশকে তিনিও শাহরুখের পরিবারের একজন হয়ে উঠেছেন। পূজা দাদলানির সঙ্গে গৌরী খানেরও দারুণ বন্ধুত্ব। তাই নিজের হাতে পূজার বাড়ি সাজিয়ে দিয়েছেন গৌরী। কারণ ইন্টেরিয়র ডিজাইনার হিসেবে খ্যাতি রয়েছে তার।

শাহরুখের সিনেমার থেকে শুরু করে প্রযোজনা সংস্থা রেড চিলিজ এন্টারটেইনমেন্ট এবং আইপিএল টিম কেকেআর-এর যাবতীয় সব কিছুর দেখাশোনা করেন পূজা। যার জন্য মোটা টাকার বেতনও পান। জানা যায়, পূজা দাদলানির মোট সম্পত্তির পরিমাণ ৫০ কোটি। ২০০৮ সালে হিতেশ গুরনানিকে বিয়ে করেন পূজা। হিতেশ একজন ব্যবসায়ী। তাদের একটি কন্যাসন্তানও রয়েছে।

## পর্দায় ভাই-বোন থেকে বাস্তবে স্বামী-স্ত্রী





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতীয় টেলিভিশন মিডিয়ায় বেশ পরিচিত দুই অভিনয়শিল্পী সুদীপ সরকার ও অনিন্দিতা রায়চৌধুরী। দুই বছর আগে বিবাহ বন্ধনে আবদ্ধ হন তারা। কয়েক মাস আগে ছিল তাদের দ্বিতীয় বিবাহ বার্ষিকী।

সামাজিক মাধ্যমে নিজেদের প্রেমের খুনসুটি বেশ খোলাখুলিভাবেই ভক্ত-অনুরাগীদের সঙ্গে ভাগাভাগি করে নিয়েছেন সেলিব্রিটি দম্পত্তি।

প্রেমের মাখামাখিটা আরো বাড়িয়ে দিয়ে সামাজিক মাধ্যমে একটি ছবি শেয়ার করেছেন সুদীপ। ওই ছবিতে সুদীপ ও তার স্ত্রী অনিন্দিতাকে আলিঙ্গনরত অবস্থায় একটি সুইমিং পুলে দেখা যায়। পুলে ডুবেই চুম্বনে জড়িয়ে রেখেছেন একে অপরকে। সুদীপ এই ছবির ক্যাপশনে লিখেছেন, 'আমরা রূপকথায় বিশ্বাসী।'

সুদীপের ওই পোস্টের মন্তব্য ঘরে ভালোবাসা প্রকাশ করেছেন অনিন্দিতা। একইসঙ্গে তাদের ভালোবাসাকে নিবেদন জানান ভক্ত-অনুরাগীরাও।

২০২২ সালে দুই পরিবার ও কাছের বন্ধুদের নিয়ে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছিলেন সুদীপ সরকার ও অনিন্দিতা রায়চৌধুরী। মাত্র কয়েক মাস প্রেমের পরেই বিয়ের সিদ্ধান্ত নেয় এই যুগল। এর আগে রচনা ব্যানার্জির সঞ্চালনায় টেলিভিশন অনুষ্ঠান দিদি নম্বর ওয়ানে নিজেদের ভাই-বোন বলে পরিচয় দিয়েছিলেন সুদীপ-অনিন্দিতা।

তবে সেটা বাস্তব জীবনে না; শোবিজে আসার পর ভাই-বোনের চরিত্রে ছিলেন তারা। ওই অনুষ্ঠানে অভিনেত্রী বলেছিলেন, 'গোয়েন্দা গিন্নিতে আমি আর সুদীপ একসঙ্গে কাজ করতাম। ওখানেই আমার দাদার চরিত্রে অভিনয় করেছিল। একটি দৃশ্যে দেখানো হয়েছিল আমি মারা গিয়েছি আর ও আমার ধরে কাঁদছে।'

এ ঘটনা শুনে রচনা হাসতে হাসতেই বলেছিলেন, 'বোন রে ওঠ রে বলতে বলতে একেবারে বউ বানিয়ে ফেলল'!

## কঙ্গনার চড়-কাণ্ডে মুখ খুললেন করণ



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** নায়ক সুশান্ত সিং রাজপুতের মৃত্যুর পর বলিউডে স্বজনপ্রীতির বিতর্ক হয় সয়লাব। তখন করণ জোহরের বিরুদ্ধে একাধিক অভিযোগ তোলেন কঙ্গনা রনৌত। করণকে সরাসরি 'মুভি মাফিয়া' বলে মন্তব্য করেন এই বলিউড 'কুইন'। সে ঘটনার পর থেকেই দু'জনের সম্পর্কের অবনতি ঘটে। সে ঘটনার এক বছর পার হলেও কখনো কঙ্গনা সমালোচনা করেছেন করণের আবার কখনোবা করণ দিয়েছেন সে সমালোচনার উত্তর। সম্প্রতি লোকসভা নির্বাচনে বিজেপির প্রার্থী হয়ে জয় লাভ করেন কঙ্গনা রনৌত। পরে চণ্ডীগড় বিমানবন্দরে কঙ্গনাকে চড় মাড়েন নিরাপত্তারক্ষী কুলবিন্দর কউর। পরে কুলবিন্দরকে গ্রেপ্তার করা হয়। তবে ভারতে নেটিজেনদের একাংশ অবশ্য এ ঘটনায় কুলবিন্দরকে বাহবা দিয়েছেন তার এমন পদক্ষেপের জন্য। এবার সে ঘটনায়ই মুখ খুললেন করণে জোহর। কঙ্গনা-করণের আদায় কাঁচকলায় সম্পর্কের অন্যতম কারণ করণের বিরুদ্ধে করা কঙ্গনার অভিযোগ। কঙ্গনা অভিযোগ করেছেন করণ প্রতিভার বিচার না করে কেবল বলিউডের তারকাদের সন্তানদের সিনেমাতে সুযোগ দিচ্ছে। যদিও অভিনেত্রীর চরকাণ্ডে মোটেও সমর্থন করছেন না করণ। তিনি বলেন- আমি এই ধরনের উগ্রতাকে মোটেই সমর্থন করছি না। কারো গায়ে হাত তোলা বা মুখে অপমান করা মোটেই সমর্থনযোগ্য নয়।'

কঙ্গনাকে চড়া মারার ঘটনায় যারা 'উদযাপন' করছেন, তাদের উদ্দেশ্যে সামাজিক যোগাযোগমাধ্যমে একটি পোস্ট করেছেন শাবানা আজমিও। কঙ্গনার প্রতি ব্যক্তিগত সমর্থন না থাকলেও চড়ের ঘটনা তিনি সমর্থন করছেন না বলেই জানান অভিনেত্রী। তিনি লিখেছেন- 'কঙ্গনা রনৌতের প্রতি আমার ব্যক্তিগত কোনো অনুরাগ নেই। কিন্তু, সমবেতভাবে যারা এই চড়কাণ্ড উদযাপন করছেন, আমি তাদের মধ্যে নিজেকে খুঁজে পাচ্ছি না। এবং আমি এটাকে মোটেই সমর্থন করছি না।'

## তবে কি এরই মধ্যে বিয়ে সেরে ফেলেছেন সোনাক্ষী-জাহির?



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বেশ কিছু দিন ধরেই বলিউডে জোর গুঞ্জন চলছে সোনাক্ষী সিনহার বিয়ে নিয়ে। সহ-অভিনেতা জাহির ইকবালের সঙ্গে সংসার পাততে চলেছেন অভিনেত্রী। বেশ কয়েক বছর আগে 'ডাবল এক্সএল' ছবিতে একসঙ্গে কাজ করেছিলেন জাহির-সোনাক্ষী। সেখানেই সাক্ষাৎ, তারপর প্রেম। মাঝের সময়টা সম্পর্ক আড়ালেই রেখেছিলেন তারা।

গত বছর থেকে দু'জনে নিজেদের প্রেমের বিষয়টি প্রকাশ্যে আনেন। নানা জায়গায় ঘুরছেন জুটি হয়ে। শোনা যাচ্ছিল, আগামী ২৩ জুন মুম্বাইয়ে একটি বিলাসবহুল হোটেলে হবে বিয়ের অনুষ্ঠান। তবে এবার নতুন তথ্য প্রকাশ্যে এল! সোনাক্ষী ও জাহির নাকি এরই মধ্যে বিয়েই সেরে ফেলেছেন। আগামী ২৩ তারিখ শুধু বিয়ের জন্য প্রীতিভোজের আয়োজন করেছেন তারা।

অনেকের অবশ্য দাবি, ১৮ জুন রেজিস্ট্রি করে বিয়ে সারবেন তারা। একাংশ আবার বলছেন, ২৩ তারিখে সকালেই নাকি বিয়ে। ফলে, সত্যিটা কী, তা নিয়ে চলছে জল্পনা।

বিয়ের প্রস্তুতির পাশাপাশি এই মুহূর্তে 'হীরামন্ডি'র সাফল্যও উপভোগ করছেন সোনাক্ষী। শোনা যাচ্ছে, এই সিরিজের গোটা টিম রয়েছে নিমন্ত্রিতদের তালিকায়। এছাড়াও সালমান খানের পরিবারের সকলেও নিমন্ত্রিত অনুষ্ঠানে। বিয়েতে রয়েছে একটি বিশেষ 'থিম'। ম্যাগাজিনের প্রচ্ছদের আদলে তৈরি এই নিমন্ত্রণপত্র, আর সেখানে 'ক্যাপশন' লেখা, 'রিউমরস আর ট্রু'।

এরই মধ্যে নিমন্ত্রণপত্র পৌঁছে গেছে অতিথিদের কাছে। ঘনিষ্ঠ সূত্রের দাবি, নিমন্ত্রণপত্রে বিয়ের অনুষ্ঠানের আচারবিধির বা তারিখের উল্লেখ নেই। তাতে অনেকের ধারণা, তাদের বিয়ে ইতোমধ্যে হয়ে গিয়েছে। ২৩ তারিখে শুধু প্রীতিভোজ। যদিও মেয়ের বিয়ে প্রসঙ্গে সম্প্রতি বাবা শত্রুঘ্ন সিনহা বলেন, "আজকাল ছেলেমেয়েরা বিয়ে করতে গিয়ে বাবা বা মায়ের তেমন তোয়াক্কা করে না, তবে আমার মেয়ের সিদ্ধান্তের উপর আস্থা রয়েছে। ও যে দিনই বিয়ে করুক, আশীর্বাদ করতে পৌঁছে যাব।"

## নিজের অবসর নিয়ে বড় সিদ্ধান্ত জানালেন মেসি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ক্যারিয়ারে প্রায় সব ট্রফি জেতারই স্বাদ পেয়েছেন লিওনেল মেসি। বর্তমানে মাঠ মাতাচ্ছেন আমেরিকার ক্লাব ইন্টার মায়ামিতে। গত বছরের জুলাইয়ে ফরাসি ক্লাব পিএসজি থেকে ইন্টার মায়ামিতে যোগ দেন মেসি। বর্তমান ক্লাবটির সঙ্গে তার চুক্তি রয়েছে ২০২৫ সাল পর্যন্ত।

বিশ্বকাপজয়ী এই খেলোয়াড় কবে ফুটবলকে বিদায় জানাবেন সেই প্রশ্ন অনেকেরই। অবশেষে অবসর নিয়ে বড় সিদ্ধান্তের কথা জানিয়ে দিলেন মেসি। কবে, কখন অবসর নেবেন মেসি সেটি স্পষ্ট না জানালেও জানিয়েছেন কোন ক্লাব থেকে অবসরে যাবেন তিনি। অর্থাৎ, ক্যারিয়ারের শেষ ম্যাচটি কোন ক্লাবের জার্সিতে খেলবেন সেটি জানিয়ে দিয়েছেন মেসি। ইএসপিএনকে দেওয়া এক সাক্ষাৎকারে মেসি বলেন, 'ইন্টার মায়ামিই হবে আমার শেষ ক্লাব। হ্যাঁ, এখন পর্যন্ত সব ঠিক থাকলে এটাই আমার সর্বশেষ ক্লাব হবে।'

তিনি আরও বলেন, 'ফুটবলকে বিদায় জানাতে আমি এই মুহূর্তে রাজি নই। আমি অনুশীলন, ম্যাচ উপভোগ করছি। সবকিছুর ইতি টানার যে ভয় সেটা আমার মাঝেও রয়েছে। আমি মনে করি ইন্টার মায়ামিই আমার শেষ ক্লাব হবে।'

## এনবিএ কিংবদন্তি জেরি ওয়েস্ট আর নেই




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দ্য লোগো নামে পরিচিত এনবিএর কিংবদন্তি খেলোয়াড় জেরি ওয়েস্ট মারা গেছেন। তার বয়স হয়েছিল ৮৬ বছর। বুধবার তার মৃত্যুর খবর নিশ্চিত করে এলএ ক্লিপার্স।

ক্লিপার্সের এক বিবৃতিতে বলা হয়েছে, বাস্কেটবলের শ্রেষ্ঠত্বের প্রতীক এবং সবার কাছের বন্ধু জেরি ওয়েস্ট আজ সকালে ৮৬ বছর বয়সে মারা গেছেন। স্ত্রী ক্যারেন মৃত্যুর সময় তার পাশে ছিলেন।

ওয়েস্ট এলএ লেকার্সের হয়ে নয়বার ফাইনাল খেলেছেন। শিরোপা জিতেছেন একবার, ১৯৭২ সালে। তার ১৪ বছরের ক্যারিয়ারের প্রতি মৌসুমেই তিনি এনবিএ অলস্টার দলে ডাক পেয়েছেন। ১৯৬০ সাল থেকে ১৯৭৪ পুরো ক্যারিয়ার এলএ লেকার্সের হয়েই খেলেছেন তিনি।

তার ক্যারিয়ার পয়েন্ট ছিল ২৫ হাজার ১৯২। অবসরের সময় উইল্ট চেম্বারলেইন ও অসকার রবার্টসনের পর তৃতীয় সর্বোচ্চ পয়েন্ট স্কোরার ছিলেন ওয়েস্ট।

১৯৬০ সালের রোম অলিম্পিকসে অ্যামেরিকার হয়ে বাস্কেটবলে স্বর্ণপদক জিতেছিলেন তিনি। লেকার্সের হয়ে খেলার সময় তার একটি ছবি থেকেই তৈরি করা হয়েছে বর্তমান এনবিএর লোগো।

খেলোয়াড়ি জীবন শেষে নির্বাহী কর্মকর্তা হিসেবে লেকার্সের ম্যানেজমেন্টে যোগ দেন তিনি। তার অধীনে ১৯৮০ এর দশকে পাঁচটি শিরোপা জেতে লেকার্স।

লেকার্সের পর মেমফিস গ্রিজলিস, এলএ ক্লিপার্স ও গোল্ডেন স্টেইট ওয়ারিয়র্সের নির্বাহী হিসেবেও কাজ করেছেন ওয়েস্ট।

# টি-২০ বিশ্বকাপ: নিয়ম রক্ষার ম্যাচে দাপুটে জয় শ্রীলঙ্কার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অনেক দেরিতে জ্বলে উঠল শ্রীলঙ্কা। সুপার এইটের আশা শেষ হয়ে যাওয়ার পর একই সঙ্গে ভালো করল তিন বিভাগে। মিলিত চেষ্টায় ব্যাটসম্যানরা দুইশ ছাড়ানো সংগ্রহ এনে দিলেন। একইভাবে বাকিটা সারলেন বোলাররা। তাতে তেমন একটা লড়াই করতে পারল না নেদারল্যান্ডস। বড় জয়ে আসর শেষ করল সাবেক বিশ্ব চ্যাম্পিয়নরা।

সেন্ট লুসিয়ায় 'ডি' গ্রুপের শেষ ম্যাচে ৮৩ রানে জিতেছে ওয়ানিন্দু হাসারাঙ্গার দল। ২০১ রানের পুঁজি নিয়ে ডাচদের ১১৮ রানে থামিয়ে দিয়েছে তারা। এই জয়ে গ্রুপে তিন নম্বরে থেকে আসর শেষ করেছে শ্রীলঙ্কা। দক্ষিণ আফ্রিকার পর দ্বিতীয় দল হিসেবে গ্রুপ থেকে সুপার এইটে গেছে বাংলাদেশ। পরের ধাপে যাওয়ার আশা নিয়ে ম্যাচ শুরু করা নেদারল্যান্ডস ২ পয়েন্ট নিয়ে নেমে গেছে চারে।

সেন্ট লুসিয়ার ড্যারেন স্যামি ন্যাশনাল ক্রিকেট স্টেডিয়ামে টস জিতে ব্যাট করতে নেমে শুরুটা ভালো ছিল না শ্রীলঙ্কার। দ্বিতীয় বলেই ফেরেন পাথুম নিসাঙ্কা। দুই মেন্ডিস- কুশাল ও কামিন্দুর জুটিতে এগিয়ে যায় শ্রীলঙ্কা। থিতু হলেও ইনিংস বড় করতে পারেননি কামিন্দু। পাঁচ চারে ২৯ বলে ৪৬ রান করে ফেরেন কুশাল। ১১ ওভারে লঙ্কানদের রান ছিল ২ উইকেটে ৮৪। যথেষ্ট উইকেট নিতে পারায় পরের অংশে চড়া মাশুল দিতে হয় ডাচদের। শেষ ৯ ওভারে তারা দেয় ১১৭ রান! শেষ দিকে শ্রীলঙ্কার রান বন্যায় বড় অবদান চারিথ আসালাঙ্কার। পাঁচ ছক্কা ও এক চারে বাঁহাতি এই ব্যাটসম্যান ২১ বলে করেন ৪৬ রান। পরে দুটি ক্যাচ নিয়ে তিনিই জেতেন ম্যাচ সেরার পুরস্কার। মিডল অর্ডারে দলকে টেনে নেওয়া ধানাঞ্জয়া ডি সিলভা দায়িত্বশীল ব্যাটিংয়ে ২৬ বলে করেন ৩৪ রান। শেষ দিকে ১৫ বলে অপরাজিত ৩০ রানের ক্যামিও ইনিংস খেলেন অ্যাঞ্জেলো ম্যাথিউস। হাসারাঙ্গা মাত্র ৬ বলে করেন ২০ রান।

লক্ষ্য তাড়ায় শুরুটা ভালো করেছিল নেদারল্যান্ডস। কিন্তু ম্যাক্স ও'ডাউডের বিদায়ে ৪৫ রানের উদ্বোধনী জুটি ভাঙার পর আর তেমন কিছু করতে পারেনি ডাচরা। তিন ছক্কা ও দুই ২৩ বলে ৩১ রান করেন মাইকেল লেভিট। এই ওপেনার ছাড়া ১১ ছাড়াতে পারেন কেবল স্কট এডওয়ার্ডস। নেদারল্যান্ডস অধিনায়ক ২৪ বলে করেন ৩১ রান। ২৪ রানে ৩ উইকেট নিয়ে শ্রীলঙ্কার সফলতম বোলার নুয়ান থুশারা। ১২ রানে ২ উইকেট নেন আরেক পেসার মাথিশা পাথিরানা। অধিনায়ক হাসারাঙ্গা লেগ স্পিনে পান ২ উইকেট।

সংক্ষিপ্ত স্কোর

শ্রীলঙ্কা: ২০ ওভারে ২০১/৬ (নিসাঙ্কা ০, কুশাল মেন্ডিস ৪৬, কামিন্দু ১৭, ধানাঞ্জয়া ৩৪, আসালাঙ্কা ৪৬, ম্যাথিউস ৩০*, শানাকা ০, হাসারাঙ্গা ২০*; কিংমা ৩-০-২৩-১, আরিয়ান ৩-০-২৩-১, ফন বিক ৪-০-৪৫-২, ফন মেকারেন ৩-০-৩৭-১, প্রিঙ্গল ৪-০-৪১-১, ডে লেডে ৩-০-৩২-০)

নেদারল্যান্ডস: ১৬.৪ ওভারে ১১৮ (লেভিট ৩১, ও'ডাউড ১১, ভিক্রাম ৭, এঙ্গেলব্রেখট ১১, এডওয়ার্ডস ৩১, ডে লেডে ৩, ফন বিক ০, প্রিঙ্গল ২, আরিয়ান ১০, মেকেরেন ৩, কিংমা ১*; ম্যাথিউস ২-০-২০-০, থুশারা ৩.৪-০-২৪-৩, থিকশানা ৩-০-২৫-১, হাসারাঙ্গা ৪-০-২৫-২, শানাকা ১-০-১০-১, পাথিরানা ৩-০-১২-২)।

ফল: শ্রীলঙ্কা ৮৩ রানে জয়ী।

ম্যান অব দা ম্যাচ: চারিথ আসালাঙ্কা।

# ব্রাজিলকে জিততে দেয়নি যুক্তরাষ্ট্র



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কোপা আমেরিকার আগে শেষ প্রস্তুতিটা ভালো হলো না ব্রাজিলের। যুক্তরাষ্ট্রের কাছে হার না মানলেও জিততে পারেনি সেলেসাওরা। যুক্তরাষ্ট্রের বিপক্ষে রদ্রিগোর গোলে শুরুতেই এগিয়ে যায় ব্রাজিল। এরপর আক্রমণে যুক্তরাষ্ট্রকে ঠেসে ধরতে চেয়েছিলো তারা। তবে মার্কিন গোলরক্ষক ম্যাট টার্নার হয়ে উঠলেন প্রতিরক্ষার মহাপ্রাচীর। ফলে আক্রমণের ডালি সাজালেও জয় পাওয়া হয়নি দরিভাল জুনিয়রের দলের। কোপা আমেরিকার আগে নিজেদের সবশেষ প্রীতি ম্যাচে ড্র করল ব্রাজিল।

বাংলাদেশ সময় বৃহস্পতিবার ভোরে শুরু হওয়া ম্যাচে ১৭তম মিনিটে ব্রাজিলকে এগিয়ে নেন রদ্রিগো। ২৬তম মিনিটে যুক্তরাষ্ট্রের হয়ে গোল শোধ করেন ক্রিস্টিয়ান পুলিসিক। ম্যাচ শেষ হয় ১-১ সমতায়।

যুক্তরাষ্ট্রের বিপক্ষে খেলা ২০ ম্যাচে এটাই ব্রাজিলের প্রথম ড্র। সেলেসাওরা মার্কিনিদের বিপক্ষে কেবল হেরেছিল ১৯৯৮ সালে, ১৮ ম্যাচেই জিতেছে পাঁচবারের বিশ্ব চ্যাম্পিয়নরা।

২৪ জুন কোস্টারিকার বিপক্ষের ম্যাচ দিয়ে কোপা আমেরিকা অভিযান শুরু করবে ব্রাজিল। 'ডি' গ্রুপে তাদের অন্য দুই প্রতিপক্ষ প্যারাগুয়ে ও কলম্বিয়া।

# জুটি গড়ে অলিম্পিকসে লড়বেন নাদাল-আলকারাস



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** একজন কিছুদিন আগেই উঁচিয়ে ধরেছেন ফরাসি ওপেনের ট্রফি, আরেকজন এই গ্র্যান্ড স্ল্যামের রেকর্ড চ্যাম্পিয়ন, দুইজন এবার জুটি বেঁধে নামবেন রোঁলা গারোঁর কোর্টে। প্যারিস অলিম্পিকসে স্পেনের হয়ে দ্বৈতের লড়াইয়ে একসঙ্গে খেলবেন কার্লোস আলকারাস ও রাফায়েল নাদাল।

আসছে অলিম্পিকসে টেনিস ইভেন্ট হবে প্যারিসের রোঁলা গারোঁর ক্লে কোর্টে, যেখানে হয় ফরাসি ওপেন। গত রবিবার প্রথমবারের মতো এই টুর্নামেন্টের শিরোপা জেতেন ২১ বছর বয়সী আলকারাস, যা তার ক্যারিয়ারের তৃতীয় গ্র্যান্ড স্ল্যাম শিরোপা। ৩৮ বছর বয়সী নাদাল মেজর জিতেছেন ২২টি, যার মধ্যে রেকর্ড ১৪টি ফরাসি ওপেনে। অলিম্পিকসে দ্বৈতে আলকারাস ও নাদালের জুটি বেঁধে খেলার কথা বুধবার (১২ জুন) জানিয়েছে রয়্যাল স্প্যানিশ টেনিস ফেডারেশন।

আগামী ২৬ জুলাই শুরু হবে প্যারিস অলিম্পিকস। পরদিন শুরু হবে টেনিস টুর্নামেন্ট। ২০০৮ সালে বেইজিং অলিম্পিকসে এককে সোনা জয়ের স্বাদ পান নাদাল, ২০১৬ আসরে দ্বৈতে সোনা জেতেন তিনি। আলকারাস এবারই প্রথম অলিম্পিকসে খেলবেন।

নাদালের এবার অলিম্পিকসে অংশ নেওয়া যদিও অনিশ্চিত ছিল। নিতম্বের চোটে মাঝে দীর্ঘ প্রায় এক বছর বাইরে থাকা এই তারকা গত এপ্রিলে কোর্টে ফেরেন। ফরাসি ওপেনে প্রথম রাউন্ড থেকেই বিদায় নেন তিনি। এর আগে, তিনি ইঙ্গিত দিয়েছিলেন, এই বছরেই টেনিসকে বিদায় বলবেন। ধারণা করা হচ্ছে, প্যারিস অলিম্পিকসই হতে যাচ্ছে তার ক্যারিয়ারের শেষ টুর্নামেন্ট।

# পেলেকে ছাড়িয়ে গেলেন রোনালদো



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইউরোতে মাঠে নামার আগে আরেকটি মাইলফলক ছুঁলেন পর্তুগিজ তারকা ক্রিশ্চিয়ানো রোনালদো। অনন্য কীর্তি গড়ে ছাড়িয়ে গেলেন ব্রাজিলের কিংবদন্তি পেলেকে। দলের সেরা তারকার উজ্জ্বল দিনে দাপুটে জয়ে ইউরোর প্রস্তুতি সারলো পর্তুগাল।

মঙ্গলবার (১১ জুন) রাতে প্রীতি ম্যাচে রিপাবলিক অব আয়ারল্যান্ডকে ৩-০ গোলে হারিয়েছে পর্তুগাল। ম্যাচে জোয়াও ফেলিক্স দলকে এগিয়ে নেওয়ার পর জোড়া গোল করেন রোনালদো। এই জোড়া গোলেই পেলেকে ছাড়িয়ে যান ৩৯ বছর বয়সী তারকা।

ম্যাচের অষ্টাদশ মিনিটে ডান দিক থেকে ব্রুনো ফার্নান্দেসের পাস বক্সে পেয়ে জায়গা বানিয়ে কোনাকুনি শট নেন ফেলিক্স, সবাইকে ফাঁকি দিয়ে দূরের পোস্ট দিয়ে জালে জড়ায় বল। এরপর ৫০তম মিনিটে চমৎকার গোলে ব্যবধান দ্বিগুণ করেন রোনালদো। ছুঁয়ে ফেলেন পেলেকে।

এই গোলের মধ্যে দিয়ে আন্তর্জাতিক ফুটবলের ইতিহাসে প্রথম খেলোয়াড় হিসেবে জাতীয় দলের হয়ে টানা ২১ বছর গোলের কীর্তি গড়লেন রোনালদো। পর্তুগাল মূল দলের হয়ে তার অভিষেক ২০০৩ সালে, পরের বছর পান প্রথম গোলের দেখা, সেই থেকে গোল করেছেন প্রতি বছর।

১০ মিনিট পর আরেকটি দারুণ গোলে স্কোরলাইন ৩-০ করেন রোনালদো। বাঁ দিক থেকে দিয়োগো জটার পাস বক্সে পেয়ে প্রথম ছোঁয়ায় বাঁ পায়ের শটে গোলটি করেন পাঁচবারের বর্ষসেরা ফুটবলার। এই গোল দিয়েই ছাড়িয়ে যান পেলেকে। পেলে তার পুরো ক্যারিয়ারে ব্রাজিলের হয়ে গোল করেছিলেন ৭৭টি, তার চেয়ে এক গোল বেশি নিয়ে উপরে উঠে গেছেন রোনালদো (৭৮টি)। সব মিলিয়ে ক্যারিয়ারে তার গোল হলো ৮৯৫টি।

## নেপালকে হারিয়ে সুপার এইটে বাংলাদেশ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** টি-টোয়েন্টি বিশ্বকাপে সোমবার নেপালকে হারিয়ে সুপার এইট নিশ্চিত করেছে বাংলাদেশ। ব্যাটাররা খুব বড় পুঁজি এনে দিতে পারেননি। তবে বল হাতে দাপট দেখিয়েছেন তানজিম হাসান সাকিব, মোস্তাফিজুর রহমান ও সাকিব আল হাসান। তাতে নিশ্চিত হয়ে গেল টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশের সুপার এইটে খেলা। আর্নস ভ্যালে স্টেডিয়ামে গ্রুপ পর্বের শেষ ম্যাচে ১০৬ রানের পুঁজি নিয়েও নেপালকে ২১ রানে হারিয়েছে টাইগাররা। নেপালের টপ অর্ডার গুঁড়িয়ে দেওয়ার নায়ক তানজিম। ডানহাতি এই পেসারকে দিয়ে ৪ ওভারের টানা স্পেল করান বাংলাদেশ অধিনায়ক নাজমুল হোসেন শান্ত। তানজিমও তাকে হতাশ করেননি। ২ মেডেনসহ স্রেফ ৭ রান দিয়ে ৪ উইকেট তুলে নেন তিনি। নেপালকে আটকাতে হলে শুরু থেকেই চাপ সৃষ্টি করতে হতো। যদিও প্রথম দুই ওভারে কোনো উইকেট পায়নি। তবে তৃতীয় ওভারে জোড়া আঘাত হানেন তানজিম হাসান সাকিব। দ্বিতীয় বলে কুশল ভুর্তলকে ফুলটস ডেলিভারিতে বোল্ড করেন ডানহাতি এই পেসার। তার চতুর্থ বলটি মিডঅফের ওপর দিয়ে পাঠাতে চেয়েছিলেন অনিল শাহ। কিন্তু ধরা পড়েন নাজমুল হোসেন শান্তর হাতে। ডাবল উইকেটের ওভারটি তানজিম শেষ করেন মেডেন দিয়ে।

চতুর্থ ওভারে অবশ্য খরুচে ছিলেন তাসকিন। ১১ রান খরচ করেন তিনি। তবে পঞ্চম ওভারে এসে নেপালের অধিনায়ক রোহিত পৌড়েলের উইকেট তুলে নেন তানজিম। এর আগে যদিও দুজনের মধ্যে উত্তপ্ত বাক্যবিনিময় হয় দুজনের মধ্যে। সেই রেশ টিকল না খুব বেশিক্ষণ। তানজিমের বলে পয়েন্টে থাকা রিশাদের হাতে ক্যাচ দিয়ে ফেরেন ১ রান করা রোহিত।

পাওয়ার প্লের শেষ ওভারে আসিফ শেখকে ফেরান মোস্তাফিজুর রহমান। আর নিজের শেষ ওভারের শেষ বলে সন্দীপ জরাকে শিকার করেন তানজিম। রোহিতের মতো সন্দীপও ধরা পড়েন পয়েন্টে থাকা রিশাদের হাতে।

বিপর্যয়ে থাকা নেপালের এরপর হাল ধরেন কুশল মল্লা ও দীপেন্দ্র সিং ঐরী। মাটি কামড়ে পড়ে থেকে পঞ্চম উইকেটে ৫২ রানের জুটিও গড়ে ফেলেন তারা। সেই জুটি ভাঙে শান্তর হাতে এসে। ১৭তম ওভারে মোস্তাফিজের বলে মল্লার (২৭) দারুণ এক ক্যাচ নেন তিনি। পরের ওভারে গুলশান ঝাকে ফেরান তাসকিন।

১৯তম ওভারে এসে কোনো রানই দেননি মোস্তাফিজ। একইসঙ্গে শেষ বলে শিকার করেন ২৫ রান করা দীপেন্দ্রর উইকেট। ৪ ওভারে ১ মেডেনসহ ৭ রান খরচে ২ উইকেট নেন বাঁহাতি এই পেসার। শেষ ওভারে এসে প্রথম দুই বলেই দুই উইকেট নেপালের ৮৫ রানে ইনিংসের ইতি ঘটান সাকিব।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR